## ইউনিট : A (গ্রুপ-১)
### প্রথম বর্ষ (সম্মান) ভর্তি পরীক্ষা : ২০২০-২১

## বাংলা

1. কবি সুকান্ত ভট্টাচার্য কোন্ জেলায় জন্মগ্রহণ করেন?
A. গোপালগঞ্জ B. সিলেট C. রংপুর D. রাজশাহী

ব্যাখ্যা : সুকান্ত ভট্টাচার্য সম্পর্কিত কতিপয় তথ্য :

| | |
|---|---|
| জন্ম | কালীঘাট, কলকাতা। ১৫ই অগাস্ট, ১৯২৬। |
| পৈতৃক নিবাস | গোপালগঞ্জ জেলার কোটালিপাড়ায়। |
| মৃত্যু | কলকাতায়। ম্যালেরিয়া ও দুরারোগ্য ক্ষয়রোগে আক্রান্ত হয়ে মাত্র ২১ বছর বয়সে (১৩ই মে, ১৯৪৭) মারা যান। |
| উপাধি | কিশোর কবি। |
| কাব্যগ্রন্থ | ১. ছাড়পত্র, ২. ঘুম নেই, ৩. পূর্বাভাস, ৪. মিঠে কড়া। |
| গল্পগ্রন্থ | হরতাল। |
| নাটিকা | অভিযান। |
| সম্পাদিত কাব্যগ্রন্থ | আকাল। |
| গানের সংকলন | গীতিগুচ্ছ। |
| সক্রিয় সদস্য | ভারতীয় কমিউনিস্ট পার্টির। |

Ans : A.

2. 'মানুষ-ধর্মই সবচেয়ে বড় ধর্ম'- কথাটি কে কোন্ রচনায় বলেছেন?
A. রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর 'মানুষের ধর্ম' গ্রন্থে
B. কাজী নজরুল ইসলাম তাঁর 'মানুষ' কবিতায়
C. কাজী নজরুল ইসলাম তাঁর 'আমার পথ' রচনায়
D. মুকুন্দরাম চক্রবর্তী তাঁর 'চণ্ডীমঙ্গল' কাব্যে।

ব্যাখ্যা : কাজী নজরুল ইসলাম-এর 'আমার পথ' রচনার কতিপয় উক্তি:-
- "মানুষ-ধর্মই সবচেয়ে বড় ধর্ম।"
- "যার নিজের ধর্মে বিশ্বাস আছে, যে নিজের ধর্মের সত্যকে চিনেছে, সে কখনো অন্য ধর্মকে ঘৃণা করতে পারে না।"
- "ভুলের মধ্য দিয়ে গিয়েই সত্যকে পাওয়া যায়।"
- "পরাবলম্বনই আমাদের নিষ্ক্রিয় করে ফেললো।"
- " যার ভিতরে ভয়, সে-ই বাইরে ভয় পায়।"
- "আত্মাকে চিনলেই আত্মনির্ভরতা আসে।"
- "মিথ্যা বিনয়ের চেয়ে অহংকারের পৌরুষ ভালো।"

Ans : C.

3. শুদ্ধ বানান কোনটি?
A. স্বায়ত্তশাসন B. সায়ত্বশাসন C. স্বায়ত্বশাসণ D. স্বায়ত্তসাশন

ব্যাখ্যা : কতিপয় শব্দের অশুদ্ধ ও শুদ্ধরূপ:-

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| স্বায়ত্বশাসন | স্বায়ত্তশাসন | নিক্কন | নিক্বণ |
| কচিৎ | কৃচিৎ | বিভিষিকা | বিভীষিকা |
| শশুর | শ্বশুর | সমিচিন | সমীচীন |
| নুন্যতম | ন্যূনতম | শান্তনা | সান্ত্বনা |

Ans : A.

4. 'অনুযোগ' শব্দের অর্থ কী?
A. বিরক্তি B. আক্ষেপ
C. নালিশ D. আন্তরিকতা

ব্যাখ্যা : 'অনুযোগ' একটি বিশেষ্য পদ। এর বিশ্লিষ্ট রূপ- অনু + যুজ + অ। এর অর্থ দোষারোপ, নালিশ, অভিযোগ।

Ans : C.

5. 'স্বর্ণময় পত্র' কোন্ ধরণের বিশেষণ?
A. উপাদানবাচক B. রূপবাচক
C. গুণবাচক D. অবস্থাবাচক

ব্যাখ্যা : উপাদানবাচক বিশেষণঃ যে বিশেষণ বিশেষিত বস্তুর উপাদান নির্দেশ করে, তাকে উপাদানবাচক বিশেষণ বলে। যথা: বেলে মাটি। পাথুরে মূর্তি। স্বর্ণময় পত্র।

Ans : A.

6. সমীভবন কী?
A. ষ-ত্ব বিধান B. বিদেশি শব্দ
C. দুটো ব্যঞ্জনের এক রকম হওয়া D. দুটো স্বর আলাদা হওয়া

ব্যাখ্যা : সমীভবন (Assimilation)ঃ শব্দের মধ্যে, দুটি ভিন্ন ধ্বনি একে অপরের প্রভাবে অল্প-বিস্তর সমতা লাভ করলে, তাকে সমীভবন বলে। যথা: জন্ম > জম্ম, কাঁদনা > কান্না ইত্যাদি।

Ans : C.

7. 'বরেন্দ্র গবেষণা জাদুঘর' প্রতিষ্ঠিত হয় কত সালে?
A. ১৯১০ সালে B. ১৯১১ সালে C. ১৯১২ সালে D. ১৯১৩ সালে

ব্যাখ্যা : 'বরেন্দ্র জাদুঘর' সম্পর্কিত কতিপয় তথ্য-
- বরেন্দ্র জাদুঘরের প্রাতিষ্ঠানিক নাম- 'বরেন্দ্র গবেষণা জাদুঘর'।
- এটি ১৯১০ সালে প্রতিষ্ঠিত ও রাজশাহীতে অবস্থিত।
- তৎকালীন গভর্নর কারমাইকেল এর প্রচেষ্টায় ১৯১৩ খ্রিস্টাব্দে ১৪ই ফেব্রুয়ারি তারিখে জারীকৃত একটি সরকারি প্রজ্ঞাপনের মাধ্যমে বরেন্দ্র জাদুঘরকে এর নিদর্শন সংগ্রহ ও সংরক্ষণের ব্যাপারে স্বাধিকার প্রদান করা হয়।
- এ জাদুঘরে ভাস্কর্য, খোদিত লিপি, পাণ্ডুলিপি ও প্রাচীন মুদ্রার মূল্যবান সংগ্রহ রয়েছে। বাংলার প্রাচীন ও মধ্যযুগের ইতিহাস, শিল্পকলা ও প্রত্নতত্ত্ব ইত্যাদি সম্পর্কে গবেষণায় এগুলি আকর-উপাদান হিসেবে গণ্য।

Ans : A.

8. 'সাম্য' শব্দের অর্থ-
A. সময় B. সমতা C. সাহায্য D. সহিষ্ণুতা

ব্যাখ্যা : 'সাম্যবাদী' কবিতার কতিপয় শব্দার্থ:

| শব্দ | অর্থ |
|---|---|
| সাম্য | সমতা; সমদর্শিতা। |
| সাম্যবাদ | জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে রাষ্ট্রের সকল মানুষের সমান অধিকার থাকা উচিত এই মতবাদ। |
| পার্সি | পারস্যদেশের বা ইরানের নাগরিক। |
| জৈন | জিন বা মহাবীর প্রতিষ্ঠিত ধর্ম-মতাবলম্বী জাতি। |
| জেন্দাবেস্তা | পারস্যের অগ্নি উপাসকদের ধর্মগ্রন্থ আবেস্তা এবং তার ভাষা জেন্দা। |

Ans : B.

9. বাংলা ভাষায় পূর্ণমাত্রার বর্ণ কয়টি?
A. ৩০টি B. ৩১টি C. ৩২টি D. ৩৩টি

ব্যাখ্যা : বাংলা বর্ণমালার মাত্রাসম্পর্কিত প্রয়োজনীয় তথ্য:

| | | | | | |
|---|---|---|---|---|---|
| পূর্ণমাত্রার বর্ণ | ৩২টি | স্বরবর্ণ | ৬টি | ব্যঞ্জনবর্ণ | ২৬টি |
| অর্ধমাত্রার বর্ণ | ০৮টি | স্বরবর্ণ | ১টি | ব্যঞ্জনবর্ণ | ০৭টি |
| মাত্রাহীন বর্ণ | ১০টি | স্বরবর্ণ | ৪টি | ব্যঞ্জনবর্ণ | ০৬টি |

Ans : C.

10. 'যেমন কর্ম, তেমন ফল।' এখানে যেমন ও তেমন শব্দ দুটি কোন্ সর্বনাম?
A. প্রশ্নবাচক B. সংযোগবাচক
C. সাপেক্ষ D. পারস্পরিক

ব্যাখ্যা : সাপেক্ষ সর্বনাম : সাপেক্ষ সর্বনাম হলো একে অন্যের উপর নির্ভরশীল যুগল সর্বনাম, যা দুটি বাক্যের সংযোগ ঘটায়। যথা: যেমন-তেমন, যা-তা, যিনি-তিনি, যখন-তখন ইত্যাদি।

Ans : C.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

11. 'দীপ্যমান' শব্দের সঠিক প্রকৃতি ও প্রত্যয় কোন্‌টি?
A. √দীপ + শানচ　B. √দীপ + মান
C. √দীপ্য + মান　D. √দীপ + অনট

ব্যাখ্যা : • 'মান (শানচ)' এটি সংস্কৃত কৃৎ প্রত্যয়। এই প্রত্যয় সাধারণত চলমান অর্থে ব্যবহৃত হয়।
• এই প্রত্যয় যুক্ত হওয়ার পরে ক্রিয়ামূলের সাথে 'মান' যুক্ত হয়। ক্রিয়ামূলের সাথে 'য/ য়' এর আগমন ঘটে। বাংলায় এই 'য/য-ফলা' কোনো কোনো সময় 'য়' হিসেবে ব্যবহৃত হয়।
যথা: √দীপ + শানচ = দীপ্যমান।, √কৃ + শানচ = ক্রিয়মান।
Ans : A.

12. 'বড়দিদি' থেকে আগত 'বউদি' শব্দে ঘটেছে-
A. সমীভবন　B. বর্ণবিকৃতি　C. বর্ণচ্যুতি　D. অভিশ্রুতি

ব্যাখ্যা : ব্যঞ্জনচ্যুতি / বর্ণচ্যুতি : পাশাপাশি সমউচ্চারণের দুটি ব্যঞ্জনধ্বনি থাকলে তার একটি লোপ পায় ; এ ব্যাপারটিকে ব্যঞ্জনচ্যুতি বা বর্ণচ্যুতি বলে। যথা: বড়দিদি > বড়দি, বড়দাদা > বড়দা, বউদিদি > বউদি ইত্যাদি।
Ans : C.

13. 'যজ্ঞ' এর সঠিক সন্ধি বিচ্ছেদ-
A. যজ + ঞ　B. যজ্ + ন　C. যজ্ + জ　D. যজ + গ

ব্যাখ্যা : অঘোষ অল্পপ্রাণ ও ঘোষ অল্পপ্রাণ তালব্যধ্বনি (চ,জ) এর পরে নাসিক্য ধ্বনি তালব্য হয়।

| সূত্র | উদাহরণ |
|---|---|
| চ + ন = চ + ঞ | যাচ্ + না = যাচ্ঞা |
| জ + ন = জ + ঞ | যজ্ + ন = যজ্ঞ, রাজ্ + নী = রাজ্ঞী। |

Ans : B.

14. কোন্‌ বানানটি সঠিক?
A. সরিসৃপ　B. সরীসৃপ　C. শরিসৃপ　D. শরীসৃপ

ব্যাখ্যা : কতিপয় শব্দের অশুদ্ধ ও শুদ্ধরূপ:-

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| সরিসৃপ | সরীসৃপ | মরিচিকা | মরীচিকা |
| স্বরস্বতী | সরস্বতী | উদিচি | উদীচী |
| স্বত্ত্বাধিকারী | স্বত্বাধিকারী | পিপিলিকা | পিপীলিকা |

Ans : B.

15. 'তার বয়স বেড়েছে কিন্তু বুদ্ধি বাড়েনি।' কোন্‌ ধরণের বাক্য?
A. সরল　B. যৌগিক　C. জটিল　D. মিশ্র

ব্যাখ্যা : • যৌগিক বাক্য : পরস্পর নিরপেক্ষ দুই বা ততোধিক সরল বা মিশ্রবাক্য মিলিত হয়ে একটি সম্পূর্ণ বাক্য গঠন করলে তাকে যৌগিক বাক্য বলে।
• যৌগিক বাক্যে সাধারণত নিরপেক্ষ বাক্যগুলো এবং, ও, আর, কিন্তু, অথবা, অথচ, বরং, তথাপি প্রভৃতি অব্যয়যোগে সংযুক্ত থাকে। যথা: তার বয়স বেড়েছে কিন্তু বুদ্ধি বাড়েনি। রাহি বই পড়ছে, আর মাহি খেলা করছে।
Ans : B.

16. ইসলামি রেনেসাঁর কবি বলা হয় কাকে?
A. আহসান হাবিব　B. আল মাহমুদ
C. কায়কোবাদ　D. ফররুখ আহমেদ

ব্যাখ্যা : কতিপয় বিশিষ্ট কবি-সাহিত্যিকের নাম ও উপাধি:

| সাহিত্যিকের নাম | উপাধি |
|---|---|
| ফররুখ আহমেদ | ইসলামি রেনেসাঁর কবি। |
| আল মাহমুদ | সোনালী কাবিনের কবি। |
| কায়কোবাদ | মহাকবি। |
| মধুসূদন দত্ত | মাইকেল, রেনেসাঁর কবি, মহাকবি। |
| ঈশ্বরচন্দ্র গুপ্ত | যুগসন্ধিক্ষণের কবি। |
| ভারতচন্দ্র | রায়গুণাকর। |
| গোলাম মোস্তফা | কাব্য সুধাকর। |

Ans : D.

17. 'অপরিচিতা' গল্পটি গল্পগুচ্ছের কোন্‌ খন্ডে রয়েছে?
A. প্রথম　B. দ্বিতীয়
C. তৃতীয়　D. চতুর্থ

ব্যাখ্যা : 'অপরিচিতা' গল্প সম্পর্কিত কতিপয় প্রয়োজনীয় তথ্যঃ

| | |
|---|---|
| লেখক | রবীন্দ্রনাথ ঠাকুর। |
| উৎস | 'গল্পগুচ্ছ' ৩য় খন্ড (১৯২৭)। |
| প্রথম প্রকাশ | প্রমথ চৌধুরী সম্পাদিত মাসিক 'সবুজ পত্র' পত্রিকায়, ১৯১৪ সালে (১৩২১ বঙ্গাব্দে), কার্তিক সংখ্যায়। |
| ভাষা | সাধুরীতি। |
| ধরণ | যৌতুকবিরোধী সামাজিক সমস্যামূলক রচনা। |
| পর্ব | ৪টি। |

Ans : C.

18. 'কুয়াশা' শব্দের প্রতিশব্দ হলো-
A. কুহক　B. কুহেলি
C. শিশির　D. অস্পষ্ট

ব্যাখ্যা : 'তাহারেই পড়ে মনে' কবিতার কতিপয় শব্দার্থ:-

| শব্দ | অর্থ |
|---|---|
| কুহেলি | কুয়াশা। |
| পাথার | সমুদ্র। |
| উত্তরী | চাদর, উত্তরীয়। |
| সমীর | বাতাস। |
| অর্ঘ্য বিরচন | অঞ্জলি বা উপহার রচনা। |
| পুষ্পারতি | ফুলের বন্দনা বা নিবেদন। |

Ans : B.

19. 'ইচ্ছা' শব্দের বিশেষণ কোনটি?
A. ইচ্ছুক　B. ঐচ্ছিক
C. আগ্রহ　D. ইচ্ছাময়

ব্যাখ্যা : কতিপয় বিশেষ্য পদের বিশেষণ রূপঃ-

| বিশেষ্য | বিশেষণ | বিশেষ্য | বিশেষণ |
|---|---|---|---|
| ইচ্ছা | ঐচ্ছিক | কথা | কথিত |
| ইন্দ্রজাল | ঐন্দ্রজালিক | গাঁ | গেঁয়ো |
| উদয় | উদিত | নগর | নাগরিক |

Ans : B.

20. 'অর্ণব' শব্দের অর্থ-
A. সৈকত　B. শৈল
C. সমুদ্র　D. নদী

ব্যাখ্যা : 'অর্ণব' শব্দের কতিপয় প্রতিশব্দ- সমুদ্র, সিন্ধু, দরিয়া, জলধি, পাথার, পারাবার, জলধর, নীলাম্বু, বারীন্দ্র, বারীশ, ইরাবান ইত্যাদি।
Ans : C.

21. 'উড্ডীয়মান' এর সন্ধিবিচ্ছেদ কোন্‌টি?
A. উৎ + ডীয়মান　B. উড + ডীয়মান
C. উড্ডী + আমান　D. উড্ডীয় + মান

ব্যাখ্যা : ব্যঞ্জনসন্ধির কতিপয় নিয়ম-

| সূত্র | উদাহরণ |
|---|---|
| ৎ + ড = ড্ড | উৎ + ডীন = উড্ডীন, উৎ + ডীয়মান = উড্ডীয়মান, মহৎ + ডমরু = মহড্ডমরু। |
| ৎ + ঢ = ড্ঢ | বৃহৎ + ঢক্কা = বৃহড্ঢক্কা। |
| ৎ + ট = ট্ট | তৎ + টীকা = তট্টীকা, বৃহৎ + টঙ্কার = বৃহট্টঙ্কার। |
| দ + জ = জ্জ | বিপদ্ + জনক = বিপজ্জনক, তদ্ + জন্য = তজ্জন্য। |
| ৎ + জ = জ্জ | উৎ + জ্বল = উজ্জ্বল, যাবৎ + জীবন = যাবজ্জীবন। |

Ans : A.


শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

22. করণ কারকের 'এ' বিভক্তির উদাহরণ কোনটি?
A. বলপেনে ভালো লেখা হয় B. বলপেনে কালি নাই
C. বলপেনের দাম বেশী D. বলপেন হারিয়ে গেছে

ব্যাখ্যা : করণকারক : 'করণ' শব্দের অর্থ: যন্ত্র, সহায়ক বা উপায়। ক্রিয়া সম্পাদনের যন্ত্র, উপকরণ বা সহায়ককেই করণ কারক বলে।
যেমন : বলপেনে ভালো লেখা হয়।
ফুলে ফুলে ঘর ভরেছে।
**Ans : A.**

23. সমাসবদ্ধ দীর্ঘ শব্দটিকে বলা হয়-
A. বিগ্রহবাক্য B. সমস্তপদ C. সমস্যমান পদ D. পূর্বপদ

ব্যাখ্যা : ● একাধিক পদের একপদীকরণকে বলে — সমাস।
● সমাসবদ্ধ দীর্ঘ শব্দটিকে বলা হয় — সমস্তপদ।
● সমস্তপদকে ভাঙলে বা বিশ্লেষণ করলে যে বাক্য বা বাক্যাংশ পাওয়া যায়, তাকে বিগ্রহবাক্য বা সমাসবাক্য বা ব্যাসবাক্য বলে।
● ব্যাসবাক্যের প্রতিটি অংশকে আলাদাভাবে সমস্যমান পদ বলে।
● সমস্তপদের প্রথম অংশকে পূর্বপদ এবং পরের অংশকে পরপদ বলা হয়।
যথা:




**Ans : B.**

24. 'রাজবন্দীর জবানবন্দী' কে রচনা করেন?
A. সুকান্ত ভট্টাচার্য B. আবুল ফজল
C. আবুল হুসেন D. কাজী নজরুল ইসলাম

ব্যাখ্যা : 'রাজবন্দীর জবানবন্দী' সম্পর্কিত প্রয়োজনীয় তথ্য-

| | |
|---|---|
| লেখক | কাজী নজরুল ইসলাম। |
| ধরণ | প্রবন্ধ। |
| রচনার তারিখ | ০৭/০১/১৯২৩ ইংরেজি। |
| স্থান | কলকাতার প্রেসিডেন্সি জেলে বসে। |
| ব্যাপ্তি | চার পৃষ্ঠা। |
| প্রকাশিত হয় | ধুমকেতু, প্রবর্তক, উপাসনা ইত্যাদি পত্রিকায়, ১৯২৩ সালে। |

**Ans : D.**

## English

25. Which of the following is a synonym for "Reticent"?
A. Secretive B. Confident
C. Unrestrained D. Communicative

ব্যাখ্যা : Reticent (Adj) - স্বল্পভাষী/নিজের কাজকর্ম Public থেকে গোপন রাখা।
Secretive (Adj) - গোপনীয়তাপূর্ণ/নিজের কাজকর্ম Public থেকে গোপন রাখা।
Confident (Adj) - আত্মবিশ্বাসী।
Unrestrained (Adj) - অসংযত / অনিয়ন্ত্রিত।
Communicative (Adj) - যোগাযোগ মূলক।
**Reticent এর কিছু Synonym & Antonym :**
**Synonyms:** Closemouthed, Secretive, Uncommunicative, Tight-mouthed, Reserved, Taciturn.
**Antonyms:** Communicative, Open, Vocal, Outspoken, Wordy, Verbose.
**Ans : A.**

26. **Zannat visited the library with a view to____ a rare document. Choose the appropriate option to complete the sentence.**
A. find B. found C. finding D. none of them

ব্যাখ্যা :
উদ্দেশ্যে {With a view to / With an eye to}
অধীর আগ্রহে অপেক্ষা করা - Look forward to
অভ্যস্ত - Accustomed to
} +(V + ing)
Ex : Rahim went to Dhaka with a view to meeting Faruk. (meeting = v + ing)
**Ans : C.**

27. **Which of the following sentences is correct?**
A. One of my friends are poets.
B. One of my friend is a poet.
C. One of my friends are a poet.
D. One of my friends is a poet.

ব্যাখ্যা : One of / Each of / Either of / Neither of } + Plural noun + Singular verb
Ex : One of my best friends is getting Ph.D. (best friends = P.N, is = S.V)
**Ans : D.**

28. **Which one is correctly spelt?**
A. incorrigible B. repitition C. attension D. dystopea

ব্যাখ্যা : প্রদত্ত প্রশ্নের Option গুলোর Correct spelling গুলো-
Incorrigible (Adj) - অসংশোধনীয়।
Repetition (N) - পুনরাবৃত্তি।
Attention (N) - মনোযোগ।
Dystopia (N) - দুর্নীতিগ্রস্থ, শোচনীয় এবং অকার্যকর রাষ্ট্র/সমাজ।
**Ans : A.**

29. **You should dress for cold weather today. Here the underlined word is a__.**
A. conjunction B. preposition
C. verb D. noun

ব্যাখ্যা : Modal Auxiliary + verb এর base form
Ex : We should respect our Parents. (should = M.A, respect = V)
এখানে should এর পর 'dress' verb হিসেবে বসেছে।
**Ans : C.**

30. **No matter what, do not succumb___ fear. Choose the appropriate preposition.**
A. with B. by C. to D. in

ব্যাখ্যা : Succumb to- (i) বশ্যতা স্বীকার করা।
(ii) মারা যাওয়া।
**Ans : C.**

31. **"A man of letters" means ____**
A. a learned man B. a man who writes letters
C. one who reads letters D. postmaster

ব্যাখ্যা : Man of letters - পণ্ডিত / জ্ঞানী ব্যক্তি।
**Ans : A.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**32. She talks as if she ___ the leader of her community. Choose the appropriate option to complete the sentence.**

A. is B. are C. were D. becomes

ব্যাখ্যা : (i) Present Ind + as if / as though + Past Ind

Or,

Present Ind. + as if / as though + Sub + were

↓

(Sub যায় থাকুক were হবে এখানে)

**Ex:** He speaks (Pre.Ind.) as if / as though he knew it (Past.Ind.)

**Ex:** He speaks (Pre. Ind.) as if / as though he (Sub) were a pressident.

(ii) Past Ind. + as if / as though + Past perfect

**Ex:** He talked (Past Ind.) as if / as though he had known (Past Perfect) everything.

**Ans : C.**

**33. Would you mind____ with me? Choose the appropriate option to complete the sentence.**

A. to go B. gone

C. go D. going

ব্যাখ্যা :

Would you mind / With a view to / with an eye to / Object to / Accustomed to } + ( v + ing)

**Ex :** Would you mind closing the door?

**Ans : D.**

**34. You are___ Nazrul, I see. Choose the appropriate article.**

A. a B. an

C. the D. no article

ব্যাখ্যা : 'কারও মত একজন' বোঝাতে Proper noun এর পূর্বে a / an ব্যবহৃত হয়। তখন Proper noun টি Common noun হয়ে যায়।

**Ex:** He thinks he is a Rabindranath.

**Ans : A.**

**35. Which is not the meaning of "myriad" ?**

A. numerous B. diverse

C. mythical D. innumerable

ব্যাখ্যা : Myriad - অসংখ্য / অগণিত

Numerous - অসংখ্য

Diverse - বিচিত্র / নানাবিধ / বিবিধ

Mythical - পৌরাণিক / অবাস্তব

Innumerable - অসংখ্য

**Myriad এর কিছু Synonym & Antonym:**

**Synonyms:** Numerous, Diverse, Innumerable, Countless, Uncountable.

**Antonyms:** Limited, Finite, Countable, Measurable, Calculable.

**Ans : C.**

**36. "At wits' end" means____**

A. very witty B. delighted

C. bewildered D. patient

ব্যাখ্যা : At wits' end - হতবুদ্ধি হওয়া / কিংকর্তব্যবিমূঢ় হওয়া

Witty - রসাত্মক ও বুদ্ধিদীপ্ত

Delighted - আনন্দিত

Bewildered - হতবুদ্ধি / কিংকর্তব্যবিমূঢ়

Patient - (i) রোগী (ii) ধৈর্যশীল।

**Ans : C.**

**37. A "hyperbole" is a/an___**

A. authentic statement of something

B. overstatement of something

C. understatement of something

D. hesitant statement of something

ব্যাখ্যা : Hyperbole - অতিশয়োক্তি/ বাস্তবের চেয়ে অতিরঞ্জিত করে বলা। এটি হচ্ছে Overstatement। এটার বিপরীত হচ্ছে Understatement।

**কিছু Hyperbole এর উদাহরণ:**

I've told you a million times.

I am so hungry I could eat a horse.

He is older than the hills.

I have a million things to do.

**Ans : B.**

**38. "To scowl" is to____**

A. look at someone in an angry way

B. smile at someone

C. hide your disgust for something

D. express your love for someone

ব্যাখ্যা : scowl - রাগান্বিতভাবে কোন ব্যক্তি বা বস্তুকে দেখা।

**Ans : A.**

**39. The word "arrow" is associated with___**

A. library B. river C. archery D. animal

ব্যাখ্যা : Arrow - তীর।

Archery - ধনুর্বিদ্যা / তীরন্দাজি / তীর নিক্ষেপের খেলা।

Arrow দিয়ে Archery খেলা হয়।

**Ans : C.**

**40. That evening_____to be the most unforgettable evening of my life. Choose the appropriate option to complete the sentence.**

A. turned out B. looked around

C. passed away D. fell back on

ব্যাখ্যা : Turn out - প্রমাণ হওয়া / পরিণত হওয়া।

Look around - ঘুরে ঘুরে চারপাশ দেখা।

Pass away - মারা যাওয়া।

Fall back on - কোন কিছু ব্যবহার বা কোন কিছুর উপর নির্ভর করা অন্যান্য উপায় ব্যর্থ হওয়ার পর।

- Sentence টার অর্থ হচ্ছে- 'সেই সন্ধ্যাটা আমার জীবনের সবচেয়ে অবিস্মরণীয় সন্ধ্যাতে পরিণত হয়েছিল'।

**কিছু গুরুত্বপূর্ণ phrasal verbs :**

| Look | Turn |
|---|---|
| Look for- খোঁজ করা | Turn against- কারও বিপক্ষে যাওয়া |
| Look after- দেখাশোনা করা | Turn down- প্রত্যাখান করা |
| Look down upon- অবজ্ঞা করা / ঘৃণার চোখে দেখা | Turn on- খোলা |
| | Turn off- বন্ধ করা |
| Look upto- শ্রদ্ধা করা | Turn back- ফিরে তাকান |
| Look into- তদন্ত করা | Turn up- হাজির হওয়া। |

**Pass**

- Pass by - উপেক্ষা করা / পাশ দিয়ে চলে যাওয়া
- Pass on - অগ্রসর হওয়া / এগিয়ে যাওয়া
- Pass over - উপেক্ষা করা

**Ans : A.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**41. The plot of the novel was___ it was completely incomprehensible. Choose the appropriate option to complete the sentence.**

A. such complicated
B. so complicated that
C. such more complicated than
D. so complicated as

ব্যাখ্যা : So + adj / adv + that হয়
Ex: The load is so heavy that I can't carry it.
প্রদত্ত প্রশ্নে 'B' option এ so + complicated + that (so, adj, that)
বাক্যটির অর্থ হচ্ছে 'উপন্যাসটির পটভূমি এত জটিল যে এটি সম্পূর্ণরূপে অবোধগম্য।'
**Ans : B.**

**42. Nazrul songs contain revolutionary fervour. The meaning of the underlined word is:**

A. fever B. favour C. zeal D. shock

ব্যাখ্যা : Fervour - উৎসাহ Fever - জ্বর
Favour - অনুগ্রহ Zeal - উৎসাহ
Shock - মনের উপর আকস্মিক আঘাত
**Fervour এর কিছু Synonym & Antonym:**
**Synonyms:** Zeal, Enthusiasm, warmth, Fervency, Ardency, Ardour.
**Antonyms:** Apathy, Indifference, Unconcern.
**Ans : C.**

**43. Every cloud has a _____ lining. Choose the appropriate word to complete the sentence.**

A. silver B. golden C. bright D. positive

ব্যাখ্যা : Every cloud has a silver lining - মেঘের আড়ালে সূর্য জাগে। এ প্রবাদটার অর্থ হল 'প্রতিটা খারাপ সময়ের বা অবস্থার Positive (ভাল) দিক থাকে।'
**গুরুত্বপূর্ণ কিছু Proverbs:**
- Grasp all, lose all - অতি লোভে তাঁতী নষ্ট।
- Too much courtesy too much craft - অত ভক্তি চোরের লক্ষণ।
- Where there is a will, there is a way - ইচ্ছা থাকিলে উপায় হয়।
- Tit for tat - ইটটি মারলে পাটকেলটি খেতে হয়।
- Many men, many minds - নানা মুনীর নানা মত।
- Oil your own machine - নিজের চরকায় তেল দাও।
- Might is right - জোর যার মুল্লুক তার।
- To build castles in the air - আকাশ কুসুম কল্পনা করা / ছেড়া কাঁথায় শুয়ে লাখ টাকার স্বপ্ন দেখা।
- No pains, no gains - কষ্ট না করলে কেষ্ট মিলে না।
- Empty vessels sound much - অসারের তর্জন গর্জন সার / খালি কলসি বাজে বেশি।
- Ill got, ill spent - পাপের ধন প্রায়শ্চিত্যে যায়।

**Ans : A.**

**44. Besides being a brilliant student she is a social worker. It is a____**

A. Complex sentence
B. Simple sentence
C. Compound sentence
D. Complex-compound sentence

ব্যাখ্যা : Simple sentence এ একটি sub ও একটি finite verb থাকে। simple, compound এবং complex sentence চেনার উপায়।

| Simple | Compound | Complex |
|---|---|---|
| In spite of/despite<br>Because of<br>Owing to<br>By/ Without<br>/Besides + (v + ing)<br>Too ....... to | And<br>or<br>but<br>not only.....<br>..... but also<br>Or else<br>Both ... and<br>Either.... or<br>Neither.....nor | Since / As<br>Though/<br>Although<br>If<br>Unless<br>Untill<br>Till<br>While<br>When<br>After/Before<br>Who, Whom,<br>Whose,<br>Which,<br>That, What,<br>There, How<br>No Sooner ....<br>..... than ........ |

**Ans : B.**

**45. Please grant me two days leave. Make it passive.**

A. Let me be granted two days leave
B. Let me two day's leave be granted me
C. May I please be granted two day's leave?
D. I may be granted two day's leave

ব্যাখ্যা : Imperative এ please/kindly থাকলে এবং verb এর পর দুটো object থাকলে may দিয়েও passive করা যায়।
**Ans : C.**

**46. By whom was this bird killed? Make it active.**

A. Who killed this bird?
B. Who did kill this bird?
C. Who had killed this bird?
D. Who has killed this bird?

ব্যাখ্যা : **Who যুক্ত Active voice কে Passive করার নিয়ম-**
Rule : By whom + Auxiliary verb (tense অনুযায়ী) + Sub + $V_3$?
**Act :** Who killed the bird?
**Pass :** By whom + was + the bird + killed ? (was = A.v, the bird = Sub, killed = $V_3$)
প্রদত্ত প্রশ্নে Passive থেকে Active উল্টো করে দিলে হবে।
**Ans : A.**

**47. A gander is a male___**

A. goose B. horse C. duck D. rhinoceros

ব্যাখ্যা : Gander - রাজহাঁস হচ্ছে Masculine gender, Goose (রাজহংসী) হচ্ছে Feminine gender
**কিছু গুরুত্বপূর্ণ Gender :**

| Masculine (পুংলিঙ্গ) | Feminine (স্ত্রী লিঙ্গ) |
|---|---|
| Bull, Ox | Cow |
| Drake | Duck |
| Cock, Rooster | Hen |
| Drone | Bee |
| Fox | Vixen |
| Dog | Bitch |
| Master | Mistress |
| Horse, Stallion | Mare |
| Bride groom | Bride |
| Don | Donna |

**Ans : A.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

48. Shakespeare was an English____

A. Poet.
B. Novelist.
C. Dramatist.
D. Poet and dramatist.

ব্যাখ্যা : William Shakespeare একজন ইংরেজ Playwright / Dramatist (নাট্যকার), Poet (কবি) এবং Actor (অভিনেতা) ছিলেন। (Wikipedia)।
জন্ম: 26 April, 1564, মৃত্যু: 23 April, 1616.
Titles / উপাধি:
- National Poet of England
- The greatest dramatist
- King without crown
- The Bard of Avon

গুরুত্বপূর্ণ সাহিত্যকর্ম : Romeo and Juliet, Hamlet, Macbeth, Othello, King lear, Julius Caesar, As you like it. The merchant of venice, measure for measure, The Tempest(swan song-last work), The comedy of Errors, The Taming of the shrew, A Midsummer Night's Dream Twelfth Night, Under the Greenwood Tree etc.
**Ans : D.**

## সাধারণ জ্ঞান

49. বাংলা ভাষায় প্রথম 'Search Engine'-এর নাম কী?

A. গুগল বাংলা
B. ঘাস ফড়িং
C. পিপীলিকা
D. প্রজাপতি

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- বাংলা ভাষায় প্রথম Search Engine - পিপীলিকা।
- পিপীলিকা Search Engine চালু হয় - ২০১৩ সালে।
- বাংলা ভাষায় ২য় Search Engine - চরকি।
- চরকি search Engine চালু হয় - ২০১৪ সালে।
- চীনে নিজস্ব ভাষায় Search Engine - বাইদু।

**Ans : C.**

50. হালদা ভ্যালি কোথায় অবস্থিত?

A. রাঙ্গামাটি
B. খাগড়াছড়ি
C. বান্দরবান
D. সন্দ্বীপ

ব্যাখ্যা : বাংলাদেশের গুরুত্বপূর্ণ কিছু উপত্যকা (ভ্যালি) ও তাদের অবস্থান-

| উপত্যকা (ভ্যালি) | অবস্থান | উপত্যকা (ভ্যালি) | অবস্থান |
|---|---|---|---|
| ভেঙ্গিভ্যালি | কাপ্তাই লেক | সাঙ্গু ভ্যালি | চট্টগ্রাম |
| বলিশিরা ভ্যালি | মৌলভীবাজার | নাপিত খালি | কক্সবাজার |
| হালদা ভ্যালি | খাগড়াছড়ি | মাইনমুখী | রাঙামাটি |
| সাজেক ভ্যালি | রাঙামাটি | | |

**Ans : B.**

51. বায়ুমণ্ডলের দ্বিতীয় স্তরটির নাম কী?

A. ট্রপোমণ্ডল
B. আয়নোমণ্ডল
C. স্ট্রাটোমণ্ডল
D. এক্সোস্ফিয়ার

ব্যাখ্যা : স্ট্রাটোমণ্ডল সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- বায়ুমণ্ডলের দ্বিতীয় স্তরের নাম – স্ট্রাটোমণ্ডল।
- জলীয়বাষ্পহীন এবং ঝড়-বৃষ্টিহীন এই স্তরের অপর নাম – শান্তমণ্ডল।
- এ স্তর নিরক্ষীয় অঞ্চলের তুলনায় মেরু অঞ্চলে – অধিক পুরু।
- ওজোন স্তর অবস্থিত – স্ট্রাটোমণ্ডলে।
- স্ট্রাটোস্ফিয়ার / স্ট্রাটোমণ্ডলের উচ্চতা বাড়ার সাথে – উষ্ণতা বাড়ে।

**Ans : C.**

52. এক খণ্ড বরফ উত্তপ্ত করে পানিতে পরিণত করলে আয়তন-

A. বাড়বে
B. কমবে
C. একই রকম থাকবে
D. কোনোটিই নয়

ব্যাখ্যা : $0^\circ$ থেকে $4^\circ$ সেলসিয়াস তাপমাত্রায় পানির ঘনত্ব সর্বাধিক হয়। 1 খন্ড বরফকে উত্তপ্ত করলে পানিতে পরিণত হয়ে আয়তনে কমবে, আবার পানিকে বরফে পরিণত করলে আয়তন বাড়বে।
**Ans : B.**

53. ৫ এবং ৯৫ এর মধ্যে ৫ এবং ৩ দ্বারা বিভাজ্য সংখ্যা কতটি?

A. ৫টি
B. ৬টি
C. ১০টি
D. ১৮টি

ব্যাখ্যা :
৫ ও ৯৫ এর মধ্যে বিদ্যমান সংখ্যা (৯৫ – ৫) = ৯০ টি।
৫ ও ৩ এর লসাগু = ৩|৩,৫ ; ১,৫ = ১৫
সুতরাং ৫ ও ৩ দ্বারা বিভাজ্য সংখ্যা = ৯০ ÷ ১৫ = ৬
[বিদ্যমান সংখ্যা / প্রদত্ত সংখ্যার লসাগু = প্রাপ্ত বিভাজ্য সংখ্যা]
**Ans : B.**

54. বাংলামতি কী?

A. এক প্রকার ধান
B. এক প্রকার গম
C. একটি আন্তঃনগর ট্রেনের নাম
D. নদীর নাম

ব্যাখ্যা : বাংলাদেশে প্রচলিত উৎপাদনশীল ধানের ভালো জাত:-

| | | |
|---|---|---|
| • কটকতারা | • বালাম | • পানবিড়া |
| • তিলক কাচারী | • কাটারীভোগ | • নাজিরশাইল |
| • ইরিটম | • বিরই | • রাজাশাইল |
| • ব্রিশাইল | • কালিজিরা | • চান্দিনা |
| • বাংলামতি | • চিনিগুড়া | • সুফলা |

**Ans : A.**

55. বাংলাদেশ প্রথম টেস্ট ম্যাচ খেলে কার সাথে?

A. জিম্বাবুয়ে
B. ভারত
C. পাকিস্তান
D. শ্রীলঙ্কা

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- বাংলাদেশ দল প্রথম টেস্ট ক্রিকেট খেলে – ২০০৩ সালে।
- বাংলাদেশ দল প্রথম টেস্ট ম্যাচ খেলে – ভারতের বিপক্ষে।
- বাংলাদেশ দলের প্রথম টেস্ট জয় – ২০০৫ সালে।
- বাংলাদেশ প্রথম টেস্ট জয় পায় – জিম্বাবুয়ের বিপক্ষে।
- বাংলাদেশ প্রথম টেস্ট সিরিজ জিতে – জিম্বাবুয়ের বিপক্ষে।

**Ans : B.**

56. 'সকল নাগরিক আইনের দৃষ্টিতে সমান এবং আইনের সমান আশ্রয় লাভের অধিকারী' সংবিধানের কোন্ অনুচ্ছেদে বর্ণিত আছে?

A. ২৭
B. ২৮
C. ৩০
D. ৪৭

ব্যাখ্যা : বাংলাদেশ সংবিধানের গুরুত্বপূর্ণ কিছু অনুচ্ছেদ-

| অনুচ্ছেদ | বিষয় | অনুচ্ছেদ | বিষয় |
|---|---|---|---|
| ১ | প্রজাতন্ত্র | ৪১ | ধর্মীয় স্বাধীনতা |
| ২ক | রাষ্ট্রধর্ম | ৪২ | সম্পত্তির অধিকার |
| ৬ | নাগরিকত্ব | ৫২ | রাষ্ট্রপতির অভিশংসন |
| ৭ | সংবিধানের প্রাধান্য | ৬৪ | অ্যাটর্নি জেনারেল |
| ১৭ | অবৈতনিক শিক্ষা | ৭৭ | ন্যায়পাল |
| ১৯ | সুযোগের সমতা | ৯৫ | বিচারক নিয়োগ |
| ২৭ | আইনের দৃষ্টিতে সমতা | ১১৮ | নির্বাচন কমিশন |
| ৩১ | আইনের আশ্রয় লাভের অধিকার | ১৩৭ | সরকারি কর্ম কমিশন |

**Ans : A.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

57. জাতিসংঘের মহাসচিব অ্যান্টনিও গুতেরেস কোন্ দেশের নাগরিক?
A. সেনেগাল B. পর্তুগাল
C. অস্ট্রিয়া D. হাঙ্গেরী

ব্যাখ্যা : জাতিসংঘের মহাসচিববৃন্দের তালিকা-

| মহাসচিব | দেশ ও কার্যকাল |
|---|---|
| ট্রাইগভে লাই | নরওয়ে (১৯৪৬-৫২) |
| দ্যাগ হ্যামারশোল্ড | সুইডেন (১৯৫৩-৬১) |
| উথান্ট | মায়ানমার (১৯৬১-৭১) |
| কুট ওয়াল্ড হেইম | অস্ট্রিয়া (১৯৭২-৮১) |
| জ্যাভিয়ান পেরেজ দ্য কুয়েলার | পেরু (১৯৮২-৯১) |
| ড. বুট্রোস ঘালি | মিশর (১৯৯২-৯৬) |
| কফি আনান | ঘানা (১৯৯৭-০৬) |
| বান কি মুন | দ. কোরিয়া (২০০৭-২০১৬) |
| আন্তোনিও গুতেরেস | পর্তুগাল (২০১৬- বর্তমান) |

Ans : B.

58. জো বাইডেন যুক্তরাষ্ট্রের কততম প্রেসিডেন্ট?
A. ৪৪ তম B. ৪৫ তম
C. ৪৬ তম D. ৪৭ তম

ব্যাখ্যা : মার্কিন যুক্তরাষ্ট্রের বিখ্যাত কয়েকজন প্রেসিডেন্ট-
- ১ম প্রেসিডেন্ট – জর্জ ওয়াশিংটন।
- ১৬ তম প্রেসিডেন্ট – আব্রাহাম লিংকন।
- ৩২ তম প্রেসিডেন্ট – ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট।
- ৩৩ তম প্রেসিডেন্ট – হ্যারিএস ট্রুম্যান।
- ৩৫ তম প্রেসিডেন্ট – জন এফ. কেনেডি।
- ৩৭ তম প্রেসিডেন্ট – রিচার্ড নিক্সন।
- ৪৩ তম প্রেসিডেন্ট – জর্জ বুশ।
- ৪৬ তম প্রেসিডেন্ট – জো বাইডেন।

Ans : C.

59. বাংলার সবচেয়ে প্রাচীন জনপদ কোন্‌টি?
A. গৌড় B. পুণ্ড্র C. বরেন্দ্র D. হরিকেল

ব্যাখ্যা : বাংলার প্রাচীন জনপদ পুণ্ড্র সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- বাংলার সবচেয়ে প্রাচীন জনপদ - পুণ্ড্র।
- অবস্থান - বৃহত্তর বগুড়া, রাজশাহী, রংপুর, দিনাজপুর।
- রাজধানী - পুণ্ড্র নগর / পুণ্ড্র বর্ধন।
- এই জনপদ গড়ে তুলে - পুন্ড্র জাতি।
- পুণ্ড্রনগরের পরিবর্তিত নাম - মহাস্থানগড়।

Ans : B.

60. লিরা কোন্ দেশের মুদ্রার নাম?
A. মালয়েশিয়া B. নেপাল
C. তুরস্ক D. ইতালি

ব্যাখ্যা : নিচে বিভিন্ন দেশের মুদ্রার তালিকা-

| দেশ | মুদ্রা | দেশ | মুদ্রা |
|---|---|---|---|
| পাকিস্তান | রুপি | সিঙ্গাপুর | ডলার |
| মালদ্বীপ | রুফিয়াহ | মালয়েশিয়া | রিংগিত |
| আফগানিস্তান | আফগানি | জাপান | ইয়েন |
| ভিয়েতনাম | ডং | কুয়েত | দিনার |
| লাওস | কিপ | তুরস্ক | লিরা |

Ans : C.

61. দৃষ্টিপ্রতিবন্ধীদের জন্য লিখনরীতি উদ্ভাবন করেন কে?
A. হেলেন কিলার B. ব্রেইল
C. এডিশন D. ডেভিট বোর

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু আবিষ্কার ও আবিষ্কারকের তালিকা:

| আবিষ্কার | আবিষ্কারক | আবিষ্কার | আবিষ্কারক |
|---|---|---|---|
| কম্পিউটার | চার্লস ব্যাবেজ | সৌরজগৎ | কোপার্নিকাস |
| নিরাপত্তা বাতি | হামফ্রে ডেভি | মুদ্রণ যন্ত্র | গুটেনবার্গ |
| কাগজ | সাইলুন | অক্সিজেন | জে. প্রিস্টলে |
| ব্রেইল পদ্ধতি | লুইস ব্রেইল | দূরবীন | গ্যালিলিও |
| কোষ | রবার্ট হুক | গামা রশ্মি | পল ভিলার্ড |

Ans : B.

62. 'সূর্য দীঘল বাড়ি' চলচ্চিত্রের পরিচালক কে?
A. শেখ নিয়ামত আলী B. আবু ইসহাক
C. জহির রায়হান D. তারেক মাসুদ

ব্যাখ্যা : বিখ্যাত কিছু চলচ্চিত্র ও পরিচালকের তালিকা:

| চলচ্চিত্র | পরিচালক | চলচ্চিত্র | পরিচালক |
|---|---|---|---|
| জীবন থেকে নেওয়া | জহির রায়হান | উত্তরা | বুদ্ধদেব দাসগুপ্ত |
| সীমানা পেরিয়ে | আলমগীর কবির | সাত ভাই চম্পা | দীলিপ সোম |
| ছুটির ঘন্টা | আজিজুর রহমান | লালসালু | তানভীর মোকাম্মেল |
| তিতাস একটি নদীর নাম | ঋত্বিক ঘটক | সূর্য দীঘল বাড়ি | শেখ নিয়ামত আলী |
| চিত্রা নদীর পারে | তানভীর মোকাম্মেল | রূপালি সৈকতে | আলমগীর কবির |

Ans : A.

63. মৌজা কী?
A. গ্রাম B. ভূমিকর একক C. পদবস্ত্র D. ভূমিকর

ব্যাখ্যা : মৌজা সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- রাজস্ব আদায়ের সর্বনিম্ন এলাকা - মৌজা।
- মৌজার প্রচলন ছিলো - মুঘল আমলে।
- একগুচ্ছ মৌজা নিয়ে তৈরি - পরগনা।
- মৌজা শব্দটি এখনও প্রচলিত - জরিপের রেকর্ডে।
- মৌজা দ্বারা বুঝায় - গ্রাম/ এলাকা।

Ans : A.

64. 'To be or not to be that is the question'- এই বিখ্যাত উক্তিটি শেক্সপিয়ারের কোন্ নাটকে পাওয়া যায়?
A. ম্যাকবেথ B. হ্যামলেট C. রোমিও এন্ড জুলিয়েট D. ওথেলো

ব্যাখ্যা : শেক্সপিয়ারের হ্যামলেট থেকে গুরুত্বপূর্ণ কিছু উক্তি-
- To be or not to be that is the question
- There is nothing either good or bad, but thinking makes it so.
- We know what we are, but know not what we may be.
- This above all: to thine own self be true.

Ans : B.

65. বাংলা ভাষা আন্তর্জাতিক মাতৃভাষার মর্যাদা লাভ করে কত সালে?
A. ১৯৯৯ সালে B. ১৯৯১ সালে C. ২০০১ সালে D. ১৯৯৭ সালে

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- বাংলা ভাষা আন্তর্জাতিক মাতৃভাষার মর্যাদা লাভ করে – ১৯৯৯ সালে।
- বাংলা ভাষাকে আন্তর্জাতিক মাতৃভাষা ঘোষণা করে – ইউনেস্কো।
- ভাষারজন্য বাঙালি ছেলেরা প্রাণ দেয় – ১৯৫১ সালে।
- বাংলাকে রাষ্ট্রভাষা করা হয় – ১৯৫৬ সালে।
- আন্তর্জাতিক মাতৃভাষা দিবস – ২১ শে ফেব্রুয়ারি।

Ans : A.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

66. টোকাই কার্টুন চরিত্রটি কোন্ শিল্পীর আঁকা-
A. শিল্পী শিশির ভট্টাচার্য B. শিল্পী রফিকুন নবী
C. শিল্পী কাজী আবুল কাশেম D. শিল্পী কাইয়ুম চৌধুরী

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু বাংলা কার্টুন চরিত্র ও স্রষ্টা-

| কার্টুন চরিত্র | স্রষ্টা |
|---|---|
| টোকাই | রফিকুন নবী |
| নন্টে ফন্টে | নারায়ণ দেবনাথ |
| বেসিক আলী | শাহরিয়ার খান |
| বিল্টু | আহসান হাবীব |
| মিনা | রাম মোহন |
| বাঁটুল দ্য গ্রেট | নারায়ণ দেবনাথ |
| হাঁদা-ভোঁদা | নারায়ণ দেবনাথ |

Ans : B.

67. মীর মোশাররফ হোসেনের ছদ্মনাম কী?
A. ভানু সিংহ B. বীর বল
C. কায়কোবাদ D. গাজী মিয়া

ব্যাখ্যা : বিখ্যাত কয়েকজন সাহিত্যিকের ছদ্মনাম-

| প্রকৃত নাম | ছদ্মনাম | প্রকৃত নাম | ছদ্মনাম |
|---|---|---|---|
| অমিতাভ চৌধুরী | চাণক্য | মহাশ্বেতা দেবী | সুমিত্রা দেবী |
| মালাধর বসু | গুণরাজ খাঁ | দীনবন্ধু মিত্র | সি এফ এন্ড্রু |
| কাজী নজরুল | ব্যাঙাচি | প্রমথনাথ বিশি | হাতুড়ি |
| নীহার রঞ্জন গুপ্ত | বাণভট্ট | রবীন্দ্রনাথ ঠাকুর | শ্রীমতি কনিষ্ঠা |
| ঈশ্বরচন্দ্র গুপ্ত | গুপ্ত কবি | জীবনানন্দ দাস | শ্রী |
| শরৎচন্দ্র চট্টোপাধ্যায় | অনিলা দেবী | মীর মোশাররফ হোসেন | গাজী মিয়া |

Ans : D.

68. বিশ্ব স্বাস্থ্য দিবস কোনটি?
A. ৮ মার্চ B. ৯ অক্টোবর C. ৭ এপ্রিল D. ১১ জুলাই

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু দিবস-

| দিবসের নাম | তারিখ |
|---|---|
| ৩১ জানুয়ারি | পথশিশু দিবস |
| ০৪ ফেব্রুয়ারি | বিশ্ব ক্যান্সার দিবস |
| ০৮ মার্চ | বিশ্ব নারী দিবস |
| ০৭ এপ্রিল | বিশ্ব স্বাস্থ্য দিবস |
| ০৯ আগস্ট | নাগাসাকি দিবস + বিশ্ব আদিবাসি দিবস |
| ০৮ সেপ্টেম্বর | বিশ্ব সাক্ষরতা দিবস |

Ans : C.

69. দারিদ্র্য বিমোচনে অবদানের জন্য কোন্ বাংলাদেশী 'নাইট' উপাধি পেয়েছেন?
A. ফজলে হাসান আবেদ
B. ড. মোহাম্মদ ইউনুস
C. ডা. মোহাম্মদ জাফরউল্লাহ চৌধুরী
D. ড. হোসনে আরা

ব্যাখ্যা : নাইট উপাধি প্রাপ্ত বাঙালি নাগরিক-
- রবীন্দ্রনাথ ঠাকুর - সাহিত্য প্রতিভার স্বীকৃতিস্বরূপ।
- ফজলে হাসান আবেদ - দারিদ্র্য বিমোচনে অবদানের জন্য।
- আখলাকুর রহমান চৌধুরী - যুক্তরাজ্যের হাইকোর্ট বিভাগের বিচারক হওয়ায়।

Ans : A.

70. $(০.০০৪)^২$ = কত?
A. ০.০১৬ B. ০.০০০০১৬
C. ০.০০০১৬ D. ০.০০১৬

ব্যাখ্যা : $(০.০০৪)^২$ = ০.০০০০১৬
পয়েন্ট এর পর ০৩টি সংখ্যা আছে। তাই বর্গ করলে পয়েন্ট এর পর ০৬টি সংখ্যা হবে। এবং ৪ এর বর্গ ১৬ হওয়ায় (০.০০০০১৬) অপশনটি সঠিক।
Ans : B.

71. কোন্ রঙের বস্তুর তাপ শোষণ ক্ষমতা কম?
A. কালো B. বেগুনী C. সাদা D. হলুদ

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- তাপ শোষণ করার ক্ষমতা সবচেয়ে বেশি - কালো রঙের।
- তাপ শোষণ করার ক্ষমতা সবচেয়ে কম - সাদা রঙের।

Ans : C.

72. বাংলায় কৌলিন্য প্রথা কে প্রবর্তন করেন?
A. বিজয় সেন B. বল্লাল সেন C. লক্ষণ সেন D. শ্রী চৈতন্য দেব

ব্যাখ্যা : কৌলিন্য প্রথা সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- কৌলিন্য প্রথার প্রচলন করেন — বল্লাল সেন।
- কুলীন শব্দের অর্থ — উত্তম পরিবার বা সম্ভ্রান্ত বংশজাত।
- কৌলিন্য প্রথা অধিক মাত্রায় প্রভাব বিস্তার করে — রাঢ় এবং বরেন্দ্র অঞ্চলের ব্রাহ্মণদের মধ্যে।
- কুলীন ব্রাহ্মণদের মাঝে বহুবিবাহের প্রচলন ঘটায় — কৌলিন্য প্রথা।
- কৌলিন্য প্রথা বিকৃত ও দুর্বল হয় — আঠারো-উনিশ শতকে।

Ans : B.

73. 'সংশপ্তক' ভাস্কর্যটি কোথায়?
A. চারুকলা ইনস্টিটিউটে
B. ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ভবনের সামনে
C. জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে
D. ইসলামী বিশ্ববিদ্যালয়ে

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু ভাস্কর্য ও তাদের অবস্থান-

| ভাস্কর্য | অবস্থান | ভাস্কর্য | অবস্থান |
|---|---|---|---|
| অপরাজেয় বাংলা | ঢাকা বিশ্ববিদ্যালয় | স্বাধীনতা স্তম্ভ | ঢাকা সেনানিবাস |
| রাজু ভাস্কর্য | ঢাকা বিশ্ববিদ্যালয় | শাপলা চত্বর | মতিঝিল |
| স্বাধীনতা সংগ্রাম | ঢাকা বিশ্ববিদ্যালয় | স্মরণ | চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় |
| স্বোপার্জিত স্বাধীনতা | ঢাকা বিশ্ববিদ্যালয় | মুক্ত বাংলা | ইসলামী বিশ্ববিদ্যালয় |
| সংশপ্তক | জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় | বিদ্যার্ঘ | রাজশাহী বিশ্ববিদ্যালয় |

Ans : C.

74. 'বরেন্দ্র গবেষণা জাদুঘর' বাংলাদেশের কোথায় অবস্থিত?
A. কুমিল্লা B. ঢাকা C. খুলনা D. রাজশাহী

ব্যাখ্যা : বাংলাদেশের বিভিন্ন জাদুঘর ও সেগুলোর অবস্থান-

| জাদুঘরের নাম | অবস্থান | জাদুঘরের নাম | অবস্থান |
|---|---|---|---|
| বরেন্দ্র জাদুঘর | রাজশাহী | বাঘা জাদুঘর | রাজশাহী, বাঘা উপজেলা |
| জাতীয় জাদুঘর | শাহবাগ, ঢাকা | ওসমানী জাদুঘর | সিলেট |
| স্বাধীনতা জাদুঘর | সোহরাওয়ার্দী উদ্যান | তাজহাট জাদুঘর | রংপুর |
| বাংলাদেশ ডাক জাদুঘর | পুরান পল্টন | শহীদ স্মৃতি সংগ্রহ শালা | রাজশাহী বিশ্ববিদ্যালয় |
| শের-এ-বাংলা জাদুঘর | বরিশাল | মুক্তিযুদ্ধ জাদুঘর | আগারগাঁও |

Ans : D.

•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

75. 'স্ট্যাচু অব লিবার্টি' কোথায় অবস্থিত?
A. ফ্রান্সের আইল্যান্ডে B. নিউ ইয়র্কের আইল্যান্ডে
C. জাপানের ভূমিতে ভারতের দিল্লিতে

ব্যাখ্যা : বিভিন্ন আন্তর্জাতিক ভাস্কর্য ও সেগুলোর অবস্থান:

| নাম | অবস্থান | নাম | অবস্থান |
|---|---|---|---|
| স্ট্যাচু অব লিবার্টি | নিউইয়র্ক | ইমাম খোমেনি | ইরান |
| আইফেল টাওয়ার | প্যারিস | আজাদি | ইরান |
| হারনেসিং দ্যা ওয়ার্ল্ড | দোহা, কাতার | মর্জিনা | ইরাক |
| ন্যাশনাল মনুমেন্ট | মালেশিয়া | কামাল আতাতুর্ক | তুরস্ক |
| উঠের ভাস্কর্য | জেদ্দা, সৌদি আরব | আরবীয় যুগল | সংযুক্ত আরব আমিরাত |

Ans : B.

76. জয়নুল আবেদীন কে ছিলেন?
A. চিত্রশিল্পী B. ভাস্কর C. মৃৎশিল্পী D. কণ্ঠশিল্পী

ব্যাখ্যা : আচার্য জয়নুল আবেদিন সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
- জন্মসাল-মৃত্যুসাল : ১৯১৪ - ১৯৭৬।
- পিতা-মাতা : তমিজউদ্দিন আহমেদ ও জয়নাবুন্নেছা।
- পরিচয় : শিক্ষক, চিত্রশিল্পী।
- চিত্রকর্ম : দুর্ভিক্ষ, নৌকা, সংগ্রাম, ম্যাডোনা, মনপুরা-৭০।
- পুরস্কার : স্বাধীনতা পুরস্কার।

Ans : A.

77. শহীদ জোহা দিবস কোনটি?
A. ১৪ নভেম্বর B. ১৪ ডিসেম্বর
C. ১৮ মার্চ D. ১৮ ফেব্রুয়ারি

ব্যাখ্যা : বাংলাদেশে পালিত বিভিন্ন দিবস-

| তারিখ | দিবস | তারিখ | দিবস |
|---|---|---|---|
| ২০ জানুয়ারি | আসাদ দিবস | ০৩ নভেম্বর | জেলহত্যা দিবস |
| ১১ ফেব্রুয়ারি | সড়ক হত্যা দিবস | ১০ নভেম্বর | নূর হোসেন দিবস |
| ২১ ফেব্রুয়ারি | শহীদ দিবস | ১৪ ডিসেম্বর | শহীদ বুদ্ধিজীবী দিবস |
| ২৩ জুন | পলাশী দিবস | ১৮ ফেব্রুয়ারি | জোহা দিবস |

Ans : D.

78. ম্যানগ্রোভ কী?
A. কেওড়া বন B. উপকূলীয় বন
C. শালবন D. চিরহরিৎ বন

ব্যাখ্যা : ম্যানগ্রোভ বা লবণাম্বুজ এক বিশেষ ধরণের উদ্ভিদ যা সাধারণত সমুদ্র উপকূলবর্তী অঞ্চলের নোনা বা লবণাক্ত জল বা পানিতে জন্মায়। বাংলা শব্দ লবণাম্বুজ বিশ্লেষণ করলে দুটি শব্দ পাওয়া যায় লবণ এবং অম্বুজ বা জলে জন্ম অর্থাৎ লবণাক্ত জলামাটিতে জন্মানো উদ্ভিদ।

Ans : B.

79. মহাকবি আলাওল রচিত কাব্যগ্রন্থ কোনটি?
A. চন্দ্রাবতী B. পদ্মাবতী
C. মধুমালতি D. লাইলী মজনু

ব্যাখ্যা : মহাকবি আলাওলের বিভিন্ন রচনা-
- পদ্মাবতী
- সিকান্দরনামা
- সতীময়না লোরচন্দ্রানী
- তোহফা
- সপ্ত পয়কর
- রাগতালনামা
- সয়ফুলমুলুক-বদিউজ্জামাল

Ans : B.

80. ষাট গম্বুজ মসজিদের গম্বুজের সংখ্যা কত?
A. ৬০টি B. ৬৫টি C. ৭০টি D. ৭৭টি

ব্যাখ্যা : ষাট গম্বুজ মসজিদ সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- অবস্থান : বাগেরহাট।
- নির্মাতা : হযরত খান জাহান আলী।
- গম্বুজ সংখ্যা : ৭৭ টি + ০৪ টি = ৮১ টি।
- নির্মাণকাল : ১৫ শতাব্দী।
- ইউনেস্কোর সম্মাননা পায় : ১৯৮৫ সালে।

Ans : D.

## ইউনিট : A (গ্রুপ-২)
### প্রথম বর্ষ (সম্মান) ভর্তি পরীক্ষা : ২০২০-২১

### বাংলা

1. 'সংশপ্তক' শব্দের অর্থ-
A. অপরাজিত সৈনিক
B. 'যুদ্ধে জয়লাভ অথবা মৃত্যু' এরূপ শপথকারী সৈন্য
C. পরাজিত সৈনিক
D. পরাজয় অস্বীকারকারী সৈনিক

ব্যাখ্যা : 'সংশপ্তক' শব্দের অর্থ- নির্ভীক, জয়লাভে দৃঢ় প্রতিজ্ঞ, যারা প্রাণপণ লড়াই করে, পরাজয় জেনেও যে হাল ছাড়ে না।

Ans : B.

2. যে প্রত্যয় শব্দের উত্তরে যুক্ত হয় তাকে বলা হয়-
A. কৃৎ প্রত্যয় B. শব্দ প্রত্যয়
C. তদ্ধিত প্রত্যয় D. কোনোটিই নয়

ব্যাখ্যা : প্রত্যয়: যে বর্ণ বা বর্ণসমষ্টি ধাতু বা শব্দের শেষে যুক্ত হয়ে নতুন শব্দ গঠন করে, সেই বর্ণ বা বর্ণসমষ্টিকে প্রত্যয় বলে। যথা: √দৃশ্ + অন = দর্শন।
প্রত্যয় ২ প্রকার। যথা:-
১. কৃৎপ্রত্যয় : ক্রিয়ামূল বা ধাতুর পরে যে প্রত্যয় যুক্ত হয়ে নতুন শব্দ গঠন করে, তাকে কৃৎ প্রত্যয় বলে। যথা: √চল্ + অন্ত = চলন্ত।
২. তদ্ধিত প্রত্যয় : শব্দের উত্তর বা শেষে যুক্ত হয়ে যে প্রত্যয় নতুন শব্দ গঠন করে, তাকে তদ্ধিত প্রত্যয় বলে।
যথা: দিক + ইক = দৈনিক।
ঢাকা + আই = ঢাকাই।

Ans : C.

3. 'উত্তরী' শব্দের অর্থ কী?
A. উত্তর দিক B. চাদর
C. বাতাস D. কুয়াশা

ব্যাখ্যা : 'তাহারেই পড়ে মনে' কবিতার কতিপয় শব্দার্থ:-

| শব্দ | অর্থ |
|---|---|
| উত্তরী | চাদর, উত্তরীয় |
| পাথার | সমুদ্র |
| কুহেলি | কুয়াশা |
| বরিয়া | বরণ করে |
| সমীর | বাতাস |
| অর্ঘ্য বিরচন | অঞ্জলি বা উপহার রচনা |

Ans : B.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

4. 'শেষের কবিতা' কোন্ ধরণের রচনা?
A. গল্প B. উপন্যাস C. কবিতা D. নাটক

ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুরের কতিপয় উপন্যাসঃ-

| | |
|---|---|
| ১. করুণা (১৮৭৭) | ৫. যোগাযোগ |
| ২. বৌ ঠাকুরাণীর হাট (১৮৮৩) | ৬. শেষের কবিতা (১৯২৯) |
| ৩. গোরা (১৯১০) | ৭. চতুরঙ্গ |
| ৪ ঘরে বাইরে (১৯১৬) | ৮. নৌকাডুবি |

**Ans : B.**

5. সুকান্ত ভট্টাচার্য কত বছর বয়সে মৃত্যুবরণ করেন?
A. ১৮ B. ২০ C. ২১ D. ২২

ব্যাখ্যা : সুকান্ত ভট্টাচার্যের কতিপয় তথ্য-
- জন্ম : কালীঘাট, কলকাতা। ১৫ই অগাস্ট, ১৯২৬।
- পৈতৃক নিবাস : গোপালগঞ্জ জেলার কোটালিপাড়ায়।
- মৃত্যু : কলকাতায়। ম্যালেরিয়া ও দুরারোগ্য ক্ষয়রোগে আক্রান্ত হয়ে মাত্র ২১ বছর বয়সে (১৩ই মে, ১৯৪৭) মারা যান।
- উপাধি : কিশোর কবি।

**Ans : C.**

6. বাংলা ভাষায় মাত্রাহীন বর্ণ কয়টি?
A. ১০টি B. ১১টি C. ১২টি D. ১৩টি

ব্যাখ্যা : বাংলা বর্ণমালার মাত্রা-বিষয়ক কতিপয় তথ্যঃ-

| বর্ণ | পূর্ণমাত্রা | অর্ধমাত্রা | মাত্রাহীন |
|---|---|---|---|
| স্বরবর্ণ | ০৬ টি | ০১ টি | ০৪টি |
| ব্যঞ্জনবর্ণ | ২৬ টি | ০৭ টি | ০৬ টি |
| মোট | ৩২ টি | ০৮ টি | ১০ টি |

**Ans : A.**

7. 'দেবদত্ত' কোন্ সমাস?
A. চতুর্থী তৎপুরুষ B. প্রাদি তৎপুরুষ
C. তৃতীয়া তৎপুরুষ D. পঞ্চমী তৎপুরুষ

ব্যাখ্যা : চতুর্থী তৎপুরুষঃ পূর্বপদে চতুর্থী বিভক্তি (কে, জন্য, নিমিত্ত) লোপ পেয়ে যে সমাস হয়, তাই চতুর্থী তৎপুরুষ সমাস।
যথা: গুরুকে ভক্তি = গুরুভক্তি। দেবকে দত্ত = দেবদত্ত।
পাঠের জন্য কক্ষ = পাঠকক্ষ। আয়ের নিমিত্তে কর = আয়কর।

**Ans : A.**

8. 'যারা নলি বানিয়ে ভেসে পড়ে তাদের দৃষ্টি দিগন্তে আটকায় না।'- এখানে 'নলি' কী?
A. নলি বাঁশের ভেলা B. নলখাগড়ার ভেলা
C. জাহাজে চড়ার অনুমতি পত্র D. পাসপোর্ট

ব্যাখ্যা : 'লালসালু' উপন্যাসের কতিপয় শব্দার্থ-

| শব্দ | অর্থ |
|---|---|
| নলি | নলি বাঁশের ভেলা। নৌকা চালানোর জন্য চিকন ও লম্বা বাঁশ বিশেষ। |
| হা শূন্য | দারিদ্র্য, অভাবগ্রস্ত। |
| সরগলা কেরাত | চিকন সুরে কোরান পাঠ। |
| বাহে মূলুকে | উত্তরবঙ্গ এলাকায়। |
| নিরাক-পড়া | বাতাসহীন নিস্তব্ধ গুমোট আবহাওয়া। |
| জাহেল | অজ্ঞ, মূর্খ, নির্বোধ। |

**Ans : A.**

9. 'তৃষ্ণার্ত' সন্ধি বিচ্ছেদ কোনটি?
A. তৃষ্ণা + আর্ত B. তৃষ্ণা + ঋত
C. তৃষ্ণ + ঋর্ত D. তৃষ্ণা + রিত

ব্যাখ্যা : স্বরসন্ধির কতিপয় নিয়ম-

| সূত্র | উদাহরণ |
|---|---|
| অ + ঋ = অর্ | দেব + ঋষি = দেবর্ষি, সপ্ত + ঋষি = সপ্তর্ষি। |
| আ + ঋ = অর্ | রাজ + ঋষি = রাজর্ষি, মহা + ঋষি = মহর্ষি। |
| অ + ঋত = আর্ত | দুঃখ + ঋত = দুঃখার্ত, শীত + ঋত = শীতার্ত। |
| আ + ঋত = আর্ত | তৃষ্ণা + ঋত = তৃষ্ণার্ত, ক্ষুধা + ঋত = ক্ষুধার্ত। |

**Ans : B.**

10. 'প্র' উপসর্গটি-
A. তৎসম B. বাংলা
C. ফরাসি D. আরবি

ব্যাখ্যা : তৎসম উপসর্গ ২০টি। যথা:
প্র, পরা, পরি, নির্, অতি, প্রতি, অপি, অভি, উৎ, উপ, দুর, অধি, অপ, সম, অব, অনু, আ, সু, বি, নি।

**Ans : A.**

11. সঠিক বানান কোনটি?
A. মাননীয়াষু B. মাননীয়েসু
C. মাননীয়াসু D. মাননিয়াষু

ব্যাখ্যা : ❑ বড়দের সম্ভাষণ করতে হলে 'শ্রীচরণেষু' লেখাই উত্তম। আর ছোটদের 'কল্যাণীয়েষু', 'প্রীতিভাজনেষু' ইত্যাদি লিখতে হয়। আর মেয়েদের ক্ষেত্রে 'কল্যাণীয়া' থেকে 'কল্যাণীয়াসু'।
❑ ষত্ব-বিধান অনুসারে, অ/আ- ধ্বনির পর 'স' হয় এবং অ/আ-ভিন্ন অন্য স্বরের পর 'ষ' হয়। যথা: কল্যাণীয়াসু, সমীপেষু ইত্যাদি।

**Ans : C.**

12. 'ভোরের পাখি' খ্যাত লেখক কে?
A. সত্যেন্দ্রনাথ দত্ত B. বিহারীলাল চক্রবর্তী
C. বিভূতিভূষণ বন্দোপাধ্যায় D. ঈশ্বরগুপ্ত

ব্যাখ্যা : কতিপয় কবি-সাহিত্যিকের উপাধিঃ

| সাহিত্যিকের নাম | উপাধি |
|---|---|
| বিহারীলাল চক্রবর্তী | ভোরের পাখি |
| সত্যেন্দ্রনাথ দত্ত | ছন্দের জাদুকর |
| ঈশ্বরচন্দ্র গুপ্ত | যুগসন্ধিক্ষণের কবি |
| সুভাষ মুখোপাধ্যায় | পদাতিক কবি |
| বিদ্যাপতি | মিথিলার কোকিল/পদাবলির কবি |
| দীনবন্ধু মিত্র | রায় বাহাদুর |
| সুফিয়া কামাল | জননী সাহসিকা |

**Ans : B.**

13. 'রক্তকমল' শব্দটি কোন্ সমাস?
A. দ্বিগু B. অব্যয়ীভাব
C. কর্মধারয় D. তৎপুরুষ

ব্যাখ্যা : ❑ কর্মধারয় সমাসঃ যে সমাসে বিশেষণ বা বিশেষণ ভাবাপন্ন পদের সাথে বিশেষ্য বা বিশেষ্য ভাবাপন্ন পদের সমাস হয় এবং পরপদের অর্থই প্রধানরূপে প্রতীয়মান হয়, তাকে কর্মধারয় সমাস বলে। যথা:
- মহান যে নবি = মহানবি।
- রক্তের ন্যায় কমল = রক্তকমল।
- বিষাদ রূপ সিন্ধু = বিষাদসিন্ধু

**Ans : C.**

14. 'হাতেনাতে' কী ধরণের শব্দ?
A. তৎসম শব্দ B. রূঢ়ি শব্দ
C. যুগ্মরীতির পদাত্মক দ্বিরুক্তি D. যৌগিক শব্দ

ব্যাখ্যা : যুগ্মরীতির দ্বিরুক্তিঃ একই শব্দ ঈষৎ পরিবর্তন করে দ্বিরুক্ত শব্দ গঠনের রীতিকে যুগ্মরীতির দ্বিরুক্তি বলে।
যথা: হাতেনাতে, মিটমাট, রীতিনীতি ইত্যাদি।

**Ans : C**

পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•নগর•কোর্স•কেয়ার

15. 'শ্বাপদ' শব্দের অর্থ-
A. বিপদ B. হিংস্র মাংসাশী শিকারি জন্তু C. শাপলা D. শহর

ব্যাখ্যা : 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার কতিপয় প্রয়োজনীয় শব্দার্থ:-

| শব্দ | অর্থ |
|---|---|
| শ্বাপদ | হিংস্র মাংসাশী শিকারি জন্তু। |
| কিংবদন্তি | জনশ্রুতি, লোক পরম্পরায় শ্রুত ও কথিত বিষয় যা একটি জাতির ঐতিহ্যের পরিচয়বাহী। |
| বিচলিত স্নেহ | আপনজনের উৎকণ্ঠা। |
| উনুন | চুলো, চুল্লি। |
| অভ্যুত্থান | উদয়, ওঠা, উন্নতি, সমৃদ্ধি, বিদ্রোহ। (অভি + উত্থান)। |

Ans : B.

16. 'সুগন্ধি' কোন্ সমাস?
A. বহুব্রীহি B. দ্বন্দ্ব C. তৎপুরুষ D. অব্যয়ীভাব

ব্যাখ্যা : বহুব্রীহি সমাস : যে সমাসে সমস্যমান পদগুলোর কোনোটির অর্থ না বুঝিয়ে, অন্য কোনো বিশেষ অর্থ প্রকাশ করে, তাকে বহুব্রীহি সমাস বলে। বহুব্রীহি সমাসে ব্যাসবাক্যে সাধারণত শেষে 'যার', 'যা' ইত্যাদি থাকে।
যেমন : সু গন্ধ আছে যার = সুগন্ধি।
দশ আনন যার = দশানন।
নদী মাতা যার = নদীমাতৃক।

Ans : A.

17. 'কিংবদন্তি' শব্দের অর্থ-
A. বীরকাহিনী B. লোককথা C. বীরত্বগাথা D. জনশ্রুতি

ব্যাখ্যা : 'কিংবদন্তি' শব্দের অর্থ- জনশ্রুতি। লোকপরম্পরায় শ্রুত বা কথিত বিষয় যা একটি জাতির ঐতিহ্যের পরিচয়বাহী।

Ans : D.

18. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় বর্ণমালাকে কিসের সঙ্গে তুলনা করা হয়েছে?
A. নক্ষত্র B. রক্ত C. ফুল D. মুক্তা

ব্যাখ্যা : 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার কতিপয় তথ্য-
- এ কবিতায় বর্ণমালাকে তুলনা করা হয়েছে — নক্ষত্রের সঙ্গে।
- কৃষ্ণচূড়া ফুটেছে — নিবিড় হয়ে।
- সারাদেশ, পথ-ঘাট ছেয়ে গেছে — ঘাতকের অশুভ আস্তানায়।
- ঘাতকের থাবার সম্মুখে বুক পাতে — বরকত।
- নক্ষত্রের মতো অবিরত অবিনাশী বর্ণমালা ঝরে — সালামের হাত থেকে।
- শহরের পথে পথে ফুটেছে — কৃষ্ণচূড়া।

Ans : A.

19. 'মৃত্যু-ক্ষুধা' কোন্ ধরণের রচনা?
A. কাব্যগ্রন্থ B. নাটক C. উপন্যাস D. প্রবন্ধ

ব্যাখ্যা : কাজী নজরুল ইসলামের কতিপয় সাহিত্যকর্ম:-

| | |
|---|---|
| কাব্যগ্রন্থ | অগ্নিবীণা, দোলনচাঁপা, বিষের বাঁশি, ভাঙ্গার গান, ছায়ানট, সাম্যবাদী, সন্ধ্যা, সর্বহারা, চক্রবাক, সিন্ধুহিন্দোল, জিঞ্জীর ইত্যাদি। |
| উপন্যাস | বাঁধনহারা, মৃত্যুক্ষুধা, কুহেলিকা, জীবনের জয়যাত্রা। |
| নাটক | ঝিলিমিলি, পুতুলের বিয়ে, আলেয়া, মধুমালা। |
| গল্পগ্রন্থ | ব্যথার দান, রিক্তের বেদন, চন্দ্রবিন্দু, শিউলিমালা। |

Ans : C.

20. 'পথের পাঁচালী' উপন্যাসটি কার লেখা?
A. তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় B. মানিক বন্দ্যোপাধ্যায়
C. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় D. রবীন্দ্রনাথ ঠাকুর

ব্যাখ্যা : বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়-এর কতিপয় সাহিত্যকর্ম-

| | |
|---|---|
| উপন্যাস | পথের পাঁচালী (১৯২৮), অপরাজিতা, আরণ্যক, ইছামতি, দৃষ্টিপ্রদীপ, দেবযান। |
| ছোটগল্প | মেঘমল্লার, মৌরীফুল, যাত্রাবদল, কিন্নর দল। |
| আত্মজীবনী | তৃণাঙ্কুর। |

Ans : C.

21. কাজী নজরুল ইসলাম সম্পাদিত পত্রিকা কোনটি?
A. কল্লোল B. শিখা C. ধূমকেতু D. নবনূর

ব্যাখ্যা : কতিপয় পত্রিকার সম্পাদক ও প্রথম প্রকাশ:-

| পত্রিকা | সম্পাদক | প্রকাশ সাল |
|---|---|---|
| কল্লোল | দীনেশরঞ্জন দাস | ১৯২৩ |
| শিখা | আবুল হুসেন | ১৯২৭ |
| ধূমকেতু | কাজী নজরুল ইসলাম | ১৯২২ |
| নবনূর | সৈয়দ এমদাদ আলী | ১৯০৩ |
| সাধনা | রবীন্দ্রনাথ ঠাকুর | ১৮৯১ |
| আঙ্গুর | ড. মুহম্মদ শহীদুল্লাহ | ১৯২০ |

Ans : C.

22. বাগধারা আলোচিত হয় ব্যাকরণের-
A. ভাষাতত্ত্বে B. বাক্যতত্ত্বে C. রূপতত্ত্বে D. ধ্বনিতত্ত্বে

ব্যাখ্যা : বাক্যতত্ত্বের কতিপয় আলোচ্য বিষয় : বাক্য, বাক্যের গঠনপ্রণালী, প্রকারভেদ, পদক্রম, বাক্য পরিবর্তন, বাগধারা, বাচ্য ইত্যাদি।

Ans : B.

23. ণত্ব ও ষত্ব-বিধান কোন্ শ্রেণির শব্দে অনুসৃত হয়?
A. দেশি B. বিদেশি C. খাঁটি বাংলা D. তৎসম

ব্যাখ্যা : ণত্ব ও ষত্ব বিধান : তৎসম শব্দের বানানে মূর্ধন্য-ণ ও মূর্ধন্য-ষ ব্যবহারের নিয়মকে বলে ণত্ব ও ষত্ব বিধান।
যথা : রণ, গণিত, ঘণ্টা, ভাষা, ভাষণ, বৃষ্টি ইত্যাদি।

Ans : D.

24. 'জেন্দাবেস্তা' কী?
A. মাওলানা রুমির কাব্যগ্রন্থ
B. পারস্যের অগ্নি উপাসকদের ধর্মগ্রন্থ
C. জৈনদের ধর্মগ্রন্থ
D. ইহুদিদের ধর্মগ্রন্থ

ব্যাখ্যা : 'সাম্যবাদী' কবিতার কতিপয় শব্দার্থ-

| শব্দ | অর্থ |
|---|---|
| জেন্দাবেস্তা | পারস্যের অগ্নি উপাসকদের ধর্মগ্রন্থ আবেস্তা এবং তার ভাষা জেন্দা। |
| চার্বাক | একজন বস্তুবাদী দার্শনিক ও মুনি। |
| জৈন | জিন বা মহাবীর প্রতিষ্ঠিত ধর্মমতাবলম্বী জাতি। |
| নীলাচল | জগন্নাথক্ষেত্র, নীল বর্ণযুক্ত পাহাড়। |
| শাক্যমুনি | শাক বংশে জন্ম যার, বুদ্ধদেব। |
| কন্দরে | পর্বতের গুহা। |

Ans : B.

## English

25. I like this Cosy corner of my room. The meaning of the underlined word is:
A. Costly B. Comfortable
C. Noisy D. Cold

ব্যাখ্যা : Cosy - আরামদায়ক, Costly -দামী
Comfortable - আরামদায়ক Noisy - কোলাহলপূর্ণ
Cold - ঠাণ্ডা

Cosy এর কিছু Synonym & Antonym:
Synonyms: Comfortable, Warm, Homely, Comfy, Snug, Welcoming.
Antonyms: Uncomfortable, Unpleasent, Uninviting.

Ans : B.

**26. Which one is the correct sentence?**
A. Twenty miles are a long distance
B. Twenty miles is a long distance
C. Twenty mile are a long distance
D. Twenty mile is a long distance

ব্যাখ্যা : Time, Money, Distance, Weight, Length এদের সমষ্টি plural হলেও verb হবে singular.
Ten thousand dollars is a lot of money.
Ten miles is too far to walk.
**Ans : B.**

**27. Which one is correctly spelt?**
A. Renaissanse B. Renaisance
C. Renaisence D. Renaissance

ব্যাখ্যা : Renaissance - রেনেসাঁ, পুনরুজ্জীবন।
**কিছু গুরুত্বপূর্ণ Spelling :**

| | | |
|---|---|---|
| Allegiance | Sovereignty | Indigenous |
| Anonymous | Souvenir | Bureaucrat |
| Sabotage | Surveillance | Parallel |
| Salient | Diarrhoea | Separate |
| Ominous | Assassination | Assessment |

**Ans : D.**

**28. Choose the antonym of "stubborn"____**
A. wilful B. obstinate
C. inflexible D. compliant

ব্যাখ্যা : Stubborn - জেদী Wilful - ইচ্ছাকৃত/ জেদী
Obstinate - জেদী Compliant - বাধ্য/ বশ্য
Inflexible - অনমনীয় /জেদী
**Stubborn এর কিছু Synonym & Antonym:**
**Synonyms:** Wilful, Obstinate, Inflexible, Adamant, Headstrong, Obdurate.
**Antonyms:** Compliant, Flexible, Amenable, Agreeable, Acquiescent.
**Ans : D.**

**29. ___ of what he said was very sensible. Choose the appropriate option to complete the sentence.**
A. Many B. Much
C. Few D. Every

ব্যাখ্যা : Much of এখানে pronoun হিসেবে ব্যবহৃত হয়েছে।
**Ans : B.**

**30. Many a boy___ present in the meeting. Choose the appropriate option to complete the sentence.**
A. was B. were
C. are D. have been

ব্যাখ্যা : Many + a / an + singular noun + singular verb.
**Ex:** Many a student has done the work.
প্রদত্ত প্রশ্নে singular verb হবে was।
**Ans : A.**

**31. "Keeping a low profile" means___**
A. avoiding attention B. low price items
C. longing for attention D. profile picture

ব্যাখ্যা : Keeping a low profile- Avoiding attracting attention. (আকর্ষণ করা থেকে বিরত থাকা বা এড়িয়ে চলা)।
**Ans : A.**

**32. She congratulated me___ my success. Choose the appropriate preposition.**
A. from B. on
C. at D. of

ব্যাখ্যা : Congratulate on - অভিনন্দন জানানো।
**কিছু গুরুত্বপূর্ণ Appropriate preposition :**
- Absent From - অনুপস্থিত
- Prohibit from - নিষেধ করা
- Accustomed to - অভ্যস্ত
- Stick to - লেগে থাকা
- Accused of - অভিযুক্ত
- Sympathy for - সহানুভূতি
- Charged with - অভিযুক্ত
- Confident of - আত্মবিশ্বাসী
- Devoid of - বর্জিত
- Conscious of - সচেতন
- Devote to - নিয়োজিত করা
- Atone for - প্রায়শ্চিত্য করা
- Callous to - উদাসীন

**Ans : B.**

**33. "Versatile" means____**
A. Inept B. Multitalented
C. Mobile D. Varsity teacher

ব্যাখ্যা : Versatile - বহুমুখী / বহুমুখী দক্ষ।
Inept - অদক্ষ।
Multitalented - বহুমুখী প্রতিভাসম্পন্ন।
Mobile - (i) মুঠোফোন, (ii) সচল / চলনশীল।
**Ans : B.**

**34. ____ drawings is different. Choose the appropriate option to complete the sentence.**
A. Each one of the B. Very few
C. Every D. Few

ব্যাখ্যা :
One of / Each of / Either of / Neither of / Each one of } + Plural noun + singular verb
**Ex:** Each of the students (Plural Noun) is (S.V) Present.
প্রদত্ত প্রশ্নে drawings হচ্ছে plural noun এবং এর পর verb 'is' হচ্ছে singular verb.
**Ans : A.**

**35. She looks forward to ____ her appointment letter. Choose the appropriate option to complete the sentence.**
A. receive B. receiving
C. received D. is receiving

ব্যাখ্যা : Look forward to / With a view to / With an eye to / Accustomed to / Committed to / Object to } + (v + ing)
**Ex:** He looked forward to meeting karim.
**Ans : B.**

•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

36. **Which of the following is the most polite request?**
A. May I sit here?
B. Would you please let me sit here?
C. Would you mind my sitting here?
D. Please let me sit here.

ব্যাখ্যা : 'Would you' এর সাথে please ব্যবহার করে আরো বেশি polite request করা হয়েছে।
**Ans : B.**

37. **English, today, is the third____ native language worldwide with some 380 million speakers. Choose the appropriate option to complete the sentence.**
A. the most spoken  B. the more spoken
C. much spoken  D. most spoken

ব্যাখ্যা : এখানে superlative degree হবে। Option (C) সঠিক। প্রশ্নে the + third দেওয়া আছে তাই আবার 'the' বসবে না। তাই, option (A) ভুল। The third most spoken হবে।
**Ans : D.**

38. **Which sentence is incorrect?**
A. Did he use to smoke?
B. Did he used to smoke?
C. Used he to smoke?
D. Was he used to smoke?

ব্যাখ্যা : (i) Sub + used to + verb এর base form.
**Ex:** He used to play football.
(ii) Sub + am/is/are/was/were/get + used to + (v + ing)
**Ex:** He was used to playing cricket.
প্রদত্ত প্রশ্নের option 'D' তে Was he used to smoking? হবে।
**Ans : D.**

39. **Pick out the incorrect sentence.**
A. One of the girls was beautiful.
B. Either you or he was absent.
C. Each of them were given prizes.
D. He and I are friends.

ব্যাখ্যা :
Each of / One of / Either of / Neither of } + Plural noun + Singular verb

**Ex:** Each of the players was present.

Option 'C' তে Each of এর পর 'them' plural আছে কিন্তু verb 'were' হচ্ছে plural যেটি হবে singular। Correct Sentence টি হবে Each of them was given prizes.
**Ans : C.**

40. **Nobody is absolutely happy. Make it affirmative.**
A. Everybody is unhappy.
B. Everybody is more or less unhappy.
C. Everybody is totally unhappy.
D. Everybody is absolutely happy.

ব্যাখ্যা : More or less - প্রায়/মোটামুটি/কমবেশি
প্রদত্ত sentence টির অর্থ হচ্ছে 'কেউ সম্পূর্ণরূপে সুখী না।' যার affirmative হচ্ছে 'সবাই কমবেশি অসুখী।'
**Ans : B.**

41. **Which one is the right spelling?**
A. Rendezvous  B. Rendesvouz
C. Rendavoo  D. Rendezvoo

ব্যাখ্যা : Rendezvous - নির্দিষ্ট মিলনস্থান।
**কিছু গুরুত্বপূর্ণ Spelling :**

| | |
|---|---|
| Supercilious | Asthma |
| Shakespeare | Typhoid |
| Hallucination | Surveillance |
| Restaurant | Symmetry |
| Millionaire | Guillotine |
| Gymnasium | Forfeit |
| Foreign | Exemplary |
| Elephantiasis | Collaborate |
| Bullet | Brochure |
| Campaign | Secretariat |

**Ans : A.**

42. **He said, "You are a fool". Make it indirect.**
A. He said that you are a fool.
B. He said that I was a fool.
C. He called me a fool.
D. He said that the person he was speaking to was a fool.

ব্যাখ্যা : Direct Narration এর Reported speech এ liar / fool / coward থাকলে Indirect Narration এ Said এর পরিবর্তে Called হয়।
**Direct:** Rahim said to me, "You are a liar".
**Indirect:** Rahim Called me a liar.
**Ans : C.**

43. **The plural form of 'piano' is :**
A. pianeos  B. pianos  C. pianose  D. pianoss

ব্যাখ্যা : Piano এর Plural হচ্ছে Pianos।
কিছু গুরুত্বপূর্ণ এই ধরণের Number যেগুলোর পর শুধু 'S' বসিয়ে Plural করা হয় :

| Singular | Plural | Singular | Plural |
|---|---|---|---|
| Photo | Photos | Canto | Cantos |
| Quarto | Quartos | Quango | Quangos |
| Dynamo | Dynamos | | |

**Ans : B.**

44. **A misogynist is one who____**
A. hates society  B. hates women
C. promotes gender justice  D. loves women

ব্যাখ্যা : Misogynist - A person who hates woman (নারী বিদ্বেষী)।
**কিছু গুরুত্বপূর্ণ One Word Substitution :**
Somnambulist - One who walks in sleep. (নিদ্রাচর)
Janitor - One who takes care of building (দারোয়ান)
Florist - One who sells flowers. (ফুল বিক্রেতা)
Misanthropist - A person who hates mankind. (মানুষ বিদ্বেষী)
Patriot - One who loves his Country.
Plumber - One who mends water pipes (পাইপ মিস্ত্রি)
Polyglot - A person who knows many languages.
Lexicographer - A person who writes dictionary. (অভিধান রচয়িতা)
Cobbler - One who mends shoes. (মুচি)
Idolater - A person who worships idols. (মূর্তিপূজারী)
**Ans : B.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**45. He was exiled____ his country. Choose the appropriate preposition.**

A. from B. on C. at D. of

ব্যাখ্যা : Exile from - কোন জায়গা / দেশ থেকে নির্বাসিত করা।
**Ex:** The politician was exiled from France.
**কিছু গুরুত্বপূর্ণ Appropriate preposition :**
Fond of - পছন্দনীয়
Abstain from - বিরত থাকা
Eligible for - যোগ্য
Exempt from - অব্যহতি পাওয়া/মুক্তি পাওয়া
Ambition for - উচ্চাকাঙ্ক্ষা
Congratulate on - অভিনন্দন জানানো।
Sure of - নিশ্চিত
Repent of - অনুতাপ করা
Protect from - রক্ষা করা
Depart from - ত্যাগ করা
Remedy for - প্রতিকার
Content with - পরিতৃপ্ত
Give up - ত্যাগ করা
Famous for - বিখ্যাত
**Ans : A.**

**46. The present form of "Lost" is___**

A. Loose B. Loss C. Lost D. Lose

ব্যাখ্যা : Lose-(v) হারানো। এর Past এবং Past participle হচ্ছে lost.
**কিছু গুরুত্বপূর্ণ Conjugation of verbs:**

| Present | Past | Past participle |
|---|---|---|
| Sell | sold | sold |
| Seek | sought | sought |
| Loose | loosed | loosed |
| Lose | lost | lost |
| Flee | fled | fled |
| Spread | spread | spread |
| Cost | cost | cost |
| Shut | shut | shut |
| Strike | struck | struck |

**Ans : D.**

**47. The word "suffrage" means ____**

A. the right to vote B. the right to suffer
C. the right to steal
D. the right to own property

ব্যাখ্যা : Suffrage-(N) Right to vote (ভোটাধিকার)
**Ans : A.**

**48. A "novella" is ___**

A. a short novel B. a long novel
C. a detective novel D. a romantic novel

ব্যাখ্যা : Novella-(N) A short novel (উপন্যাসিকা/ছোট উপন্যাস)
**কিছু গুরুত্বপূর্ণ Literary Terms :**
Epic - মহাকাব্য
Satire - ব্যঙ্গরচনা
Blank verse - অমিত্রাক্ষর ছন্দ
Limerick - পাঁচ লাইনের হাস্যরসাত্মক কবিতা
Free verse - মুক্তাক্ষর ছন্দ
Sonnet - ১৪ লাইনবিশিষ্ট কবিতা
Ballad - গাথা
Elegy - শোক কবিতা
Hymn - ঈশ্বর বন্দনা
Allegory - রূপক কাহিনী
Phoenix - পৌরাণিক বা রূপকথার পাখি
**Ans : A.**

## সাধারণ জ্ঞান

**49. চিম্বুক পাহাড়ের পাদদেশে কোন্ উপজাতিরা বাস করে?**

A. গারো B. মুরং
C. চাকমা D. মারমা

ব্যাখ্যা : বিভিন্ন উপজাতি ও তাদের বাস অঞ্চল-

| উপজাতি | বাস অঞ্চল |
|---|---|
| গারো | টাঙ্গাইল, সিলেট, শেরপুর, নেত্রকোণা, সুনামগঞ্জ। |
| মুরং | পার্বত্য চট্টগ্রাম, রাঙামাটি, বান্দরবান। |
| চাকমা | রাঙামাটি, খাগড়াছড়ি, বান্দরবান, ত্রিপুরা, অরুণাচল। |
| মারমা | বান্দরবান, চিম্বুক পাহাড়ের পাদদেশ। |

**Ans : D.**

**50. 'পোস্টাল একাডেমি' কোথায় অবস্থিত?**

A. রাজশাহী B. ঢাকা
C. যশোর D. খুলনা

ব্যাখ্যা : পোস্টাল একাডেমি সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- প্রতিষ্ঠাকাল - ১৯৮২ সাল।
- প্রতিষ্ঠার উদ্দেশ্য - মানব সম্পদ ব্যবস্থাপনা ও পেশাগত দক্ষতার উন্নয়ন
- অবস্থান - রাজশাহী।

**Ans : A.**

**51. ভারতে কোন্ রাজ্যটি সেভেন সিস্টার্স-এর অন্তর্ভুক্ত?**

A. অরুণাচল B. পশ্চিমবঙ্গ
C. বিহার D. ঝাড়খণ্ড

ব্যাখ্যা : সেভেন সিস্টার্স সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
- সেভেন সিস্টার্স অবস্থিত - উত্তর-পূর্ব ভারতে।
- সেভেন সিস্টার্স রাজ্যগুলো - অরুণাচল, আসাম, মেঘালয়, মণিপুর, মিজোরাম, নাগাল্যাণ্ড এবং ত্রিপুরা।
- সেভেন সিস্টার্স ভারতের মোট আয়তনের - ০৭ শতাংশ
- সেভেন সিস্টার্স এর মোট আয়তন - ২,৫৫,৫১১ বর্গ কি. মি.।

**Ans : A.**

**52. 'অমর একুশে' ভাস্কর্যটি কোথায় অবস্থিত?**

A. ঢাকা বিশ্ববিদ্যালয় B. জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
C. রাজশাহী বিশ্ববিদ্যালয় D. খুলনা বিশ্ববিদ্যালয়

ব্যাখ্যা : বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে অবস্থিত গুরুত্বপূর্ণ কিছু ভাস্কর্য-
- ঢাকা বিশ্ববিদ্যালয় - অপরাজেয় বাংলা, দোয়েল চত্বর, স্বোপার্জিত স্বাধীনতা, স্বাধীনতা সংগ্রাম, রাজু ভাস্কর্য।
- জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় - অমর একুশে, শহীদ মিনার, সংশপ্তক, পদ্ম ফোয়ারা, সেলিম আল- দীন মুক্তমঞ্চ।
- রাজশাহী বিশ্ববিদ্যালয় - সাবাশ বাংলাদেশ, স্ফুলিঙ্গ।
- খুলনা বিশ্ববিদ্যালয় - অদম্য বাংলা।

**Ans : B.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

53. পারস্য উপসাগর ও ওমান উপসাগরকে পৃথক করেছে-
A. হরমুজ প্রণালী B. জিব্রাল্টার প্রণালী
C. বেরিং প্রণালী D. ডোভার প্রণালী

ব্যাখ্যা : বিভিন্ন প্রণালী সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য:

| প্রণালীর নাম | বিচ্ছিন্ন করেছে |
|---|---|
| হরমুজ প্রণালী | পারস্য উপসাগর - ওমান উপসাগর |
| জিব্রাল্টার প্রণালী | ইউরোপ - আফ্রিকা |
| বেরিং প্রণালী | এশিয়া মহাদেশ |
| ডোভার প্রণালী | ফ্রান্স - ইংল্যান্ড |

Ans : A.

54. নওগাঁ জেলার পাহাড়পুরে অবস্থিত 'সোমপুর বিহার'- এর প্রতিষ্ঠাতা কে?
A. ধর্মপাল B. গোপাল C. মহীপাল D. বিগ্রহপাল

ব্যাখ্যা : সোমপুর বিহার সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য:-
- সোমপুর বিহারের অপর নাম - পাহাড়পুর বৌদ্ধবিহার।
- প্রতিষ্ঠাতা - পাল বংশের দ্বিতীয় রাজা ধর্মপাল দেব।
- প্রতিষ্ঠাকাল - ৭৮১ -৮২১ খ্রিস্টাব্দ।
- আবিষ্কারক - স্যার আলেকজান্ডার কানিংহাম (১৮৭৯)।
- অবস্থান - নওগাঁ জেলায়।
- শিক্ষাদানকাল - ৩০০ বছর।

Ans : A.

55. 'SIM' এর পূর্ণরূপ হলো :
A. Subscriber Identity Method
B. Subscriber Identification Method
C. Subscriber Identity Module
D. Standard Identity Module

ব্যাখ্যা : Some important Abbreviation:-
- SIM – Subscriber Identity Module.
- IP – Internet Protocol.
- WAP – Wireless Application Protocol.
- ISD – International Subscriber Dialing.
- PIN – Personal Identification Number.

Ans : C.

56. মুক্তিযুদ্ধোত্তর পূর্ণদৈর্ঘ্য 'মেঘের অনেক রং' চলচ্চিত্রটির পরিচালক কে?
A. চাষী নজরুল ইসলাম B. খান আতাউর রহমান
C. আলমগীর কুমকুম D. হারুনুর রশিদ

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু সিনেমা ও পরিচালকের নাম-

| পরিচালক | সিনেমা |
|---|---|
| চাষী নজরুল ইসলাম | ওরা ১১ জন |
| খান আতাউর রহমান | এবার তোরা মানুষ হ |
| আলমগীর কুমকুম | আমার জন্মভূমি |
| হারুনুর রশিদ | মেঘের অনেক রং |

Ans : D.

57. সতীদাহ প্রথা কবে রহিত হয়?
A. ১৮১৯ সালে B. ১৮২৯ সালে C. ১৮৩৯ সালে D. ১৮৪৯ সালে

ব্যাখ্যা : 'সতীদাহ প্রথা' সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- সতীদাহ প্রথা প্রচলিত ছিলো - হিন্দু ধর্মে (ভারতবর্ষে)
- এই প্রথার বিলোপ হয় - ১৮২৯ সালে।
- সতীদাহ প্রথা বিলুপ্ত হয় - রাজা রামমোহন রায়ের প্রচেষ্টায়
- সতীদাহ প্রথা বিলুপ্ত করেন - লর্ড উইলিয়াম বেন্টিংকে।
- সতীদাহ প্রথা মূলত - বিধবা নারীদের স্বামীর চিতায় সহমরণ বা আত্মাহুতি দেওয়ার ঐতিহাসিক প্রথা।

Ans : B.

58. কোন উদ্ভিদের ক্লোরোফিল নেই?
A. ফার্ণ B. মস C. মরিচ D. ছত্রাক

ব্যাখ্যা : 'ক্লোরোফিল' সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
- ক্লোরোফিল হলো এক ধরণের - সবুজ রঞ্জক পদার্থ।
- ক্লোরোফিল পাওয়া যায় সায়ানোব্যাকটেরিয়ায় এবং উদ্ভিদ ও ছত্রাকের - ক্লোরোপ্লাস্টে।
- ক্লোরোফিলের শব্দগত অর্থ - সবুজ পাতা।
- ক্লোরোফিল আলো শোষণ করে - তড়িৎচুম্বকীয় বর্ণালীর নীলাংশ থেকে।
- ক্লোরোফিল থাকে না - স্বর্ণলতা ও ছত্রাকে।

Ans : D.

59. মাদার তেরেসা কোন দেশে জন্মগ্রহণ করেন?
A. ভারত B. আলজেরিয়া C. আলবেনিয়া D. ফ্রান্স

ব্যাখ্যা : 'মাদার তেরেসা' সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
- জন্মসাল - মৃত্যুসাল – ১৯১০-১৯৯৭।
- জন্মস্থান - মৃত্যুস্থান – আলবেনিয়া-ভারত।
- পেশা - ক্যাথলিক সন্ন্যাসিনী, ধর্ম প্রচারক।
- পুরস্কার - নোবেল শান্তি পুরস্কার, ভারতরত্ন, বালজান পুরস্কার।
- মিশনারিজ অব চ্যারিটি প্রতিষ্ঠা করেন - ১৯৫০ সালে।

Ans : C.

60. বাংলাদেশের 'লোকশিল্প জাদুঘর' কোথায় অবস্থিত?
A. ময়মনসিংহে B. বগুড়ায় C. সোনারগাঁওয়ে D. রাঙামাটিতে

ব্যাখ্যা : বাংলাদেশের বিভিন্ন জাদুঘরের অবস্থান:

| জাদুঘর | অবস্থান | জাদুঘর | অবস্থান |
|---|---|---|---|
| ঢাকা জাদুঘর | মিরপুর | জাতি-তাত্ত্বিক জাদুঘর | চট্টগ্রাম |
| লোকশিল্প জাদুঘর | সোনারগাঁও | ময়নামতি জাদুঘর | কুমিল্লা |
| বিজ্ঞান জাদুঘর | আগারগাঁও | লালন জাদুঘর | কুষ্টিয়া |
| বরেন্দ্র জাদুঘর | রাজশাহী | জয়নুল আর্ট গ্যালারি | ময়মনসিংহ |
| আহসান মঞ্জিল | পুরান ঢাকা | চলনবিল জাদুঘর | নাটোর |

Ans : C.

61. আলীগড় আন্দোলনের প্রতিষ্ঠাতা কে?
A. স্যার সৈয়দ আহমদ খান B. রাজা রামমোহন রায়
C. ওস্তাদ ঈসা D. হাজী শরীয়তুল্লাহ

ব্যাখ্যা : 'আলীগড় আন্দোলন' সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- আলীগড় আন্দোলন প্রতিষ্ঠা করেন - সৈয়দ আহমদ খান।
- আলীগড় আন্দোলন প্রতিষ্ঠিত হয় - ১৮৭৫ সালে।
- আলীগড় আন্দোলনের উদ্দেশ্য - মুসলিমদের আধুনিক শিক্ষা।
- আলীগড় মুসলিম বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা - সৈয়দ আহমদ খান।
- আলীগড় মুসলিম বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয় - ১৮৯৮ সালে।

Ans : A.

62. বাংলা গদ্যের জনক কে?
A. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর B. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
C. রবীন্দ্রনাথ ঠাকুর D. কাজী নজরুল ইসলাম

ব্যাখ্যা : 'ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর' সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
- জন্মসাল-মৃত্যুসাল - ১৮২০-১৮৯১।
- পরিচয় - শিক্ষাবিদ, সমাজ সংস্কারক, গদ্যকার।
- বিদ্যাসাগর উপাধি লাভ - ১৮৩৯ সালে।
- তিনি বাংলা লিপির সংস্কারক এবং বাংলা গদ্যের - সার্থক রূপকার।
- তাকে বলা হয়, বাংলা গদ্যের - জনক।

Ans : A.

63. বাংলাদেশ-চীন মৈত্রী সেতু কোন নদীর উপর অবস্থিত?
A. মেঘনা B. বুড়িগঙ্গা
C. যমুনা D. ধলেশ্বরী

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
- বুড়িগঙ্গা সেতুর অপর নাম – বাংলাদেশ-চীন মৈত্রী সেতু।
- বাংলাদেশ-চীন মৈত্রী সেতু অবস্থিত – বুড়িগঙ্গা নদীর উপর।
- বুড়িগঙ্গা সেতুর দৈর্ঘ্য – ৭২৫ মিটার।
- বাংলাদেশ-চীন মৈত্রী সেতু যুক্ত করেছে – ঢাকা-খুলনা মহাসড়ক।
- বুড়িগঙ্গা সেতুর অবস্থান – পোস্তগোলা, ঢাকা।
- বুড়িগঙ্গা সেতু সংযুক্ত করেছে – ঢাকা কেরানীগঞ্জ।

Ans : B.

64. ইনসুলিন কে আবিষ্কার করেন?
A. ফ্রেডেরিক হপকিন্স B. অ্যালেকজান্ডার ফ্লেমিং
C. গেরহার্ড ডোমাক D. ফ্রেডরিক বেন্টিং ও চার্লস বেস্ট

ব্যাখ্যা : বিভিন্ন আবিষ্কার ও আবিষ্কারকের নাম:

| আবিষ্কার | আবিষ্কারক | আবিষ্কার | আবিষ্কারক |
|---|---|---|---|
| মোবাইল | মার্টিন কুপার | নিউট্রন | চ্যাডউইক |
| রেডিও | মার্কনি | ডিনামাইট | আলফ্রেড নোবেল |
| এরোপ্লেন | রাইট ব্রাদার্স | কুষ্ঠের জীবাণু | হ্যানসেন |
| বৈদ্যুতিক বাতি | আলভা এডিসন | গতি সূত্র | নিউটন |
| ব্যারোমিটার | টরিসেলি | ইনসুলিন | ফ্রেডরিক বেন্টিং ও চার্লস বেস্ট |

Ans : D.

65. স্থায়ী সালিশী আদালত কোথায় অবস্থিত?
A. জেনেভায় B. লন্ডনে C. প্যারিসে D. হেগে

ব্যাখ্যা : 'স্থায়ী সালিশী আদালত' সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- আন্তর্জাতিক (স্থায়ী) সালিশী আদালতের প্রতিষ্ঠাকাল - ১৯৪৫।
- স্থায়ী সালিশী আদালতের অবস্থান - হেগ, নেদারল্যান্ডস।
- বিচারকের সংখ্যা ও মেয়াদ - ১৫ জন; ০৯ বছর।
- আদালতের কাজ বেড়েছে - ১৯৮০ সালের পর থেকে।
- নির্বাচন করা হয় - প্রতি তিন বছর পরপর ০৫ জন করে বিচারক।

Ans : D.

66. জাম্বিয়ার রাজধানী কোথায়?
A. লুসাকা B. কাম্পালা C. হারারে D. বুজুমবুরা

ব্যাখ্যা : বিভিন্ন দেশের রাজধানীর তালিকা:-

| দেশ | রাজধানী | দেশ | রাজধানী |
|---|---|---|---|
| ভুটান | থিম্পু | ইরাক | বাগদাদ |
| মায়ানমার | নেপিডো | ইরান | তেহরান |
| ভিয়েতনাম | হ্যানয় | উত্তরকোরিয়া | পিয়ং ইয়াং |
| ইন্দোনেশিয়া | জাকার্তা | তুরস্ক | আঙ্কারা |
| জাপান | টোকিও | জাম্বিয়া | লুসাকা |

Ans : A.

67. 'সন্দেশ' অর্থ কী?
A. মিষ্টান্ন B. সন্দেহ C. খবর D. সতর্ক

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু শব্দার্থ:

| অশ্রু | চোখেরজল | সন্দেশ | সংবাদ, বার্তা, খবর |
|---|---|---|---|
| ধারাপাত | চোখের জল | অভিপ্রায় | ইচ্ছা |
| নেত্রবারি | চোখের জল | কৌলীন্য | বংশ |
| বৃথাব্যয় | অপচয় | নিকেতন | আবাস |
| বহ্নি | আগুন | ভূধর | পাহাড় |
| অন্তরীক্ষ | আকাশ | পয়ঃ | পানি |

Ans : C.

68. কোন্ বিদেশী রাষ্ট্র বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষার মর্যাদা দিয়েছে?
A. লাইবেরিয়া B. সিয়েরালিয়ন C. রুয়ান্ডা D. সুদান

ব্যাখ্যা : সিয়েরালিওন সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- সিয়েরা লিওন অবস্থিত - আফ্রিকা মহাদেশে।
- আয়তন -৭১,৭৪০ বর্গ কি. মি.। রাজধানী - ফ্রিটাউন।
- বসবাসকারী জাতিগোষ্ঠীর সংখ্যা - ১৬টি।
- মুসলিম, আদিবাসী এবং খ্রিস্টানের অনুপাত - ৬০ : ৩০ : ১০
- সিয়েরালিওনের রাষ্ট্রীয় ভাষা - ইংরেজি ও বাংলা।

Ans : B.

69. 'Land of Marbel' বলা হয় কোন্ দেশকে?
A. বাহরাইন B. ইন্দোনেশিয়া C. ইতালী D. কিউবা

ব্যাখ্যা : বিভিন্ন দেশের ভৌগোলিক উপনাম:

| ভৌগোলিক উপনাম | দেশের নাম |
|---|---|
| আগুনের দ্বীপ | আইসল্যান্ড |
| ইউরোপের রণক্ষেত্র | বেলজিয়াম |
| পবিত্র দেশ | ফিলিস্তিন |
| প্রাচীরের দেশ | চীন |
| বাতাসের শহর | শিকাগো |
| Land of marbel | ইতালি |

Ans : C.

70. কোন্ ইউরোপীয় জাতি সর্বপ্রথম ভারতবর্ষে আসে?
A. ব্রিটিশ B. ফরাসী C. পর্তুগীজ D. জার্মান

ব্যাখ্যা : বিভিন্ন জাতির ভারতবর্ষে আসার সময়কাল:

| জাতির নাম | ভারতবর্ষে আসার সাল |
|---|---|
| পর্তুগীজ | ১৪৯৮/১৫০৫ |
| ব্রিটিশ | ১৬০০ |
| ফরাসি | ১৬১৬ |
| ডাচ/ওলন্দাজ | ১৬০৫ |

Ans : C.

71. কানিজের আয় ও ব্যয়ের অনুপাত ২০:১৫ হলে তার মাসিক সঞ্চয় আয়ের শতকরা কত ভাগ?
A. ২০% B. ১৫% C. ২৫% D. ৩০%

ব্যাখ্যা : প্রশ্নমতে, কানিজের আয় = ২০ টাকা
কানিজের ব্যয় = ১৫ টাকা
∴ কানিজের সঞ্চয় = (২০ – ১৫) = ৫ টাকা
এখন, ২০ টাকা আয় হলে সঞ্চয় হয় ৫ টাকা
∴ ১ টাকা আয় হলে সঞ্চয় হয় $\frac{৫}{২০}$ টাকা
∴ ১০০ টাকা আয় হলে সঞ্চয় হয় $\frac{৫ \times ১০০}{২০}$ = ২৫ টাকা
∴ কানিজের সঞ্চয় শতকরা ২৫%

Ans : C.

72. 'আকবরনামা' গ্রন্থের রচয়িতা কে?
A. ইবনে খালদুন B. আবুল ফজল C. মিনহাজ সিরাজ D. আল বেরুনী

ব্যাখ্যা : বিখ্যাত কিছু গ্রন্থ ও গ্রন্থকারের নাম-

| গ্রন্থ | গ্রন্থকার | গ্রন্থ | গ্রন্থকার |
|---|---|---|---|
| পদ্মাবতী (কাব্য) | আলাওল | জননী | মানিক বন্দ্যোপাধ্যায় |
| পদ্মাবতী (নাটক) | মধুসূদন দত্ত | সঞ্চিতা | কাজী নজরুল ইসলাম |
| অরণ্যে নীলিমা | আহসান হাবীব | মরুভাস্কর | মোহাম্মদ ওয়াজেদ আলী |
| গীতবিতান | রবীন্দ্রনাথ ঠাকুর | জগদ্দল | সমরেশ বসু |
| রাকাত | আবুল ফজল ইবনে মুবারক | আকবর নামা | আবুল ফজল ইবনে মুবারক |

Ans : B.

•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

73. বিশ্ব স্বাস্থ্য সংস্থা কবে প্রতিষ্ঠিত হয়?
A. ৬ এপ্রিল ১৯৪৮ B. ৭ এপ্রিল ১৯৪৮
C. ৮ এপ্রিল ১৯৪৮ D. ৯ এপ্রিল ১৯৪৮

ব্যাখ্যা : বিভিন্ন সংস্থার প্রতিষ্ঠাকাল:

| সংস্থা | প্রতিষ্ঠাকাল | সংস্থা | প্রতিষ্ঠাকাল |
|---|---|---|---|
| জাতিসংঘ | ১৯৪৫ | IMF | ১৯৪৪ |
| UNICEF | ১৯৪৬ | বিশ্বব্যাংক | ১৯৪৪ |
| UNDP | ১৯৬৫ | ICJ | ১৯৪৫ |
| ICC | ১৯৯৮ | EU | ১৯৯৩ |
| WHO | 07-04-1948 | | |

Ans : B.

74. প্রাচীন গৌড় নগরীর অংশ-বিশেষ বাংলাদেশের কোন্ জেলায় অবস্থিত?
A. কুষ্টিয়া B. বগুড়া C. কুমিল্লা D. চাঁপাইনবাবগঞ্জ

ব্যাখ্যা : প্রাচীন গৌড় নগরীর বর্তমান অবস্থান:-চাঁপাইনবাবগঞ্জ, মালদা।
Ans : D.

75. ছয় দফা দাবী পেশ করা হয়-
A. ১৯৭০ সালে B. ১৯৬৬ সালে
C. ১৯৫৬ সালে D. ১৯৬৫ সালে

ব্যাখ্যা : বিভিন্ন উল্লেখযোগ্য ঘটনার সংঘটনকাল-
- পাকিস্তানের সংবিধান রচনা হয় - ১৯৫৬ সালে।
- পাক-ভারত যুদ্ধ হয় - ১৯৬৫ সালে।
- ছয়-দফা দাবী পেশ হয় - ১৯৬৬ সালে।
- পাকিস্তানের প্রথম সাধারণ নির্বাচন হয় - ১৯৭০ সালে।

Ans : B.

76. নিউইয়র্কের টুইন টাওয়ারের ধ্বংসস্তূপের স্থানটি কী নামে পরিচিত?
A. ডেড জোন B. গ্রাউন্ড জিরো
C. ডেড গ্রাউন্ড D. ফেয়ার ফিল্ড

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
- টুইন টাওয়ারে হামলা করা হয় - ১১ সেপ্টেম্বর ২০০১ সালে।
- টুইন টাওয়ার (০২ ভবন) ছিল - ১১০ তলা করে।
- টুইন টাওয়ারে হামলায় মারা যায় - ২৬০৬ জন লোক।
- টুইন টাওয়ারে হামলা করে - আল কায়েদা।
- ৯/১১ এ হামলাকারী ছিলো - ১৯ জন।
- টুইন টাওয়ারের ধ্বংসস্তূপের স্থানটির পরবর্তী নাম - গ্রাউন্ড জিরো।

Ans : B.

77. বাংলার কোন্ সুলতানের শাসনকালকে বাংলা সাহিত্যের স্বর্ণযুগ বলা হয়?
A. শামসুদ্দীন ইলিয়াস শাহ্ B. নাসিরুদ্দীন মাহমুদ শাহ্
C. আলাউদ্দীন হোসেন শাহ্ D. গিয়াসউদ্দীন আযম শাহ্

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
- আলাউদ্দিন হোসেন শাহ-র শাসনকাল - ১৪৯৩-১৫১৯।
- হোসেন শাহি বংশের পত্তন করেন - আলাউদ্দিন হোসেন শাহ।
- আলাউদ্দিন হোসেন শাহ-র আমলকে বলা হয় - স্বর্ণযুগ।
- আলাউদ্দিন হোসেন শাহ-র মূল নাম - সাইদ হোসেন।
- আলাউদ্দিন হোসেন শাহ প্রশাসন থেকে হাবশিদের সরিয়ে যুক্ত করেন - তুর্কি, আরব, আফগান, স্থানীয়দের।

Ans : C.

78. বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন রচিত গ্রন্থ কোনটি?
A. মায়াবতী B. পদ্মাবতী C. রূপবতী D. পদ্মরাগ

ব্যাখ্যা : বেগম রোকেয়া সাখাওয়াতের গ্রন্থসমূহ:
সুলতানার স্বপ্ন, পদ্মরাগ, অবরোধ-বাসিনী, মতিচুর।
Ans : D.

79. ফিফা বিশ্বকাপ শুরু হয় কত সালে?
A. ১৯৩০ সালে B. ১৮৩০ সালে
C. ১৯৬০ সালে D. ১৯০৩ সালে

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
- বিশ্ব ফুটবল নিয়ন্ত্রণকারী সংস্থা হলো - ফিফা।
- ফিফা বিশ্বকাপ খেলা শুরু হয় - ১৯৩০ সালে।
- ফিফা বিশ্বকাপ খেলা হয় - ৪ বছর পরপর।
- ফিফা বিশ্বকাপ অনুষ্ঠিত হয়নি - ২ বার (১৯৪২; ১৯৪৬)।
- সর্বশেষ ফিফা বিশ্বকাপ (২১ তম) চ্যাম্পিয়ন - ফ্রান্স।

Ans : A.

80. পাঁচ অংকের ক্ষুদ্রতম সংখ্যা ও চার অংকের বৃহত্তম সংখ্যার অন্তরফল কত?
A. ৯ B. ১০ C. ১ D. – ১

ব্যাখ্যা :
- পাঁচ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা = ১০,০০০
- চার অঙ্কের বৃহত্তম সংখ্যা = ৯,৯৯৯
- পাঁচ অংকের ক্ষুদ্রতম সংখ্যা ও চার অংকের বৃহত্তম সংখ্যার অন্তরফল (১০,০০০ – ৯,৯৯৯) = ১

Ans : C.

## ইউনিট : A (গ্রুপ-৩)
## প্রথম বর্ষ (সম্মান) ভর্তি পরীক্ষা : ২০২০-২১

### বাংলা

1. জীবনানন্দ দাশের জন্ম কোন জেলায়?
A. বরিশাল B. নাটোর
C. সিলেট D. খুলনা

ব্যাখ্যা : জীবনানন্দ দাশ সম্পর্কিত কতিপয় তথ্য-

| | |
|---|---|
| জন্ম | বরিশালে, ১৮৯৯ খ্রিষ্টাব্দে। |
| মৃত্যু | কলকাতায় ট্রাম দুর্ঘটনায় আহত হয়ে। ২২ অক্টোবর, ১৯৫৪। |
| পেশা | অধ্যাপনা (ইংরেজি সাহিত্য)। |
| উপাধি | চিত্ররূপময় কবি, তিমির হননের কবি, নির্জনতম কবি, রূপসী বাংলার কবি। |
| কাব্যগ্রন্থ | ঝরা পালক, ধূসর পাণ্ডুলিপি, বনলতা সেন, মহাপৃথিবী, রূপসী বাংলা, বেলা অবেলা কালবেলা, সাতটি তারার তিমির ইত্যাদি। |

Ans : A.

2. 'আঠারো বছর বয়স' কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে নেয়া হয়েছে?
A. ঘুম নেই B. মিঠে কড়া
C. ছাড় পত্র D. পূর্বাভাস

ব্যাখ্যা : 'আঠারো বছর বয়স' কবিতার কতিপয় তথ্য-

| | |
|---|---|
| কবি | সুকান্ত ভট্টাচার্য। |
| উৎস | 'ছাড়পত্র' কাব্যগ্রন্থ (১৯৪৮)। |
| ছন্দ | মাত্রাবৃত্ত। |
| চরণ | ৩২টি। |
| স্তবক | ৮টি। |

Ans : C.

3. 'নতি' শব্দের অর্থ কী?
A. বিনয় B. উদারতা
C. মানবতা D. বচন

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

ব্যাখ্যা : 'জীবন ও বৃক্ষ' কবিতার কতিপয় শব্দার্থ-

| শব্দ | অর্থ |
|---|---|
| নতি | অবনত ভাব; বিনয়; নম্রতা। |
| তপোবন | অরণ্যে ঋষির আশ্রম। মুনি ঋষিরা তপস্যা করেন এমন বন। |
| স্থূলবুদ্ধি | সূক্ষ্ম বিচারবুদ্ধিহীন; অগভীর জ্ঞানসম্পন্ন। |
| বিকৃতবুদ্ধি | বুদ্ধির বিকার ঘটেছে এমন। যথাযথ চিন্তাচেতনাহীন। |
| মনুষ্যত্ব | মানবোচিত সদগুণাবলি। মানুষের বিশেষ গুণ বা বৈশিষ্ট্য। |
| গূঢ় অর্থ | প্রচ্ছন্ন গভীর তাৎপর্য। |

**Ans : A.**

4. **'কুহেলী উত্তরী' বলতে কী বোঝায়?**
A. কুয়াশার চাদর B. উত্তর দিক থেকে আসা কুয়াশা
C. কুহক বা মায়ারূপ কুয়াশা D. হিম শীতল উত্তরে হাওয়া

ব্যাখ্যা : 'তাহারেই পড়ে মনে' কবিতার কতিপয় শব্দার্থ-

| শব্দ | অর্থ |
|---|---|
| কুহেলী | কুয়াশা |
| উত্তরী | চাদর, উত্তরীয় |
| রচিয়া | রচনা করে |
| পাথার | সমুদ্র |
| অলখ | অলক্ষ, দৃষ্টি অগোচরে |
| সমীর | বাতাস |

**Ans : A.**

5. **নিচের কোন্ বাক্যটি শুদ্ধ?**
A. টাকার প্রয়োজন নেই আমার B. আমার টাকার আবশ্যক নাই
C. আমার টাকার আবশ্যকতা নাই D. সবগুলো

ব্যাখ্যা : কতিপয় অশুদ্ধ বাক্যের শুদ্ধরূপ-

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| টাকার প্রয়োজন নেই আমার। | আমর টাকার প্রয়োজন নেই। |
| আমার টাকার আবশ্যক নাই। | আমার টাকার আবশ্যকতা নাই। |
| সে এই মোকদ্দমায় সাক্ষী দিয়েছে। | সে এই মোকদ্দমায় সাক্ষ্য দিয়েছে। |
| সময় বড় সংক্ষেপ। | সময় বড় সংক্ষিপ্ত। |
| আমার বড় দূরাবস্থা। | আমার বড় দুরবস্থা। |
| দৈন্যতা প্রশংসনীয় নয়। | দীনতা প্রশংসনীয় নয়। |

**Ans : C.**

6. **'অবিদিত' শব্দের অর্থ কী?**
A. জানা B. অজানা
C. বেদনা D. অস্থির

ব্যাখ্যা : 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতার কতিপয় শব্দার্থ-

| শব্দ | অর্থ |
|---|---|
| অবিদিত | অজানা |
| বসুধা | পৃথিবী |
| বলী | বলবান, বীর |
| দম্ভী | দম্ভ করে যে; দাম্ভিক |
| মজাইলা | বিপদগ্রস্ত করলে |
| প্রগলভে | নির্ভীক চিত্তে |
| বিধু | চাঁদ |

**Ans : B.**

7. **কাজী নজরুল ইসলাম কোন গ্রন্থটি রবীন্দ্রনাথ ঠাকুরকে উৎসর্গ করেন?**
A. সঞ্চিতা B. সঞ্চয়িতা
C. ব্যাথার দান D. বিষের বাঁশী

ব্যাখ্যা : উৎসর্গিত কতিপয় গ্রন্থ-

| গ্রন্থ | যাকে উৎসর্গ করা হয়েছে |
|---|---|
| সঞ্চিতা (কাব্য সংকলন) -কাজী নজরুল ইসলাম | রবীন্দ্রনাথ ঠাকুরকে। |
| অগ্নিবীণা (কাব্যগ্রন্থ) - কাজী নজরুল ইসলাম | বিপ্লবী বারীন্দ্রকুমার ঘোষকে। |
| বসন্ত (নাটিকা) - রবীন্দ্রনাথ ঠাকুর | কাজী নজরুল ইসলামকে। |
| বীরাঙ্গনা (কাব্যগ্রন্থ) - মাইকেল মধুসূদন দত্ত | ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরকে। |
| কৃষ্ণকুমারী (নাটক) - মাইকেল মধুসূদন দত্ত | কেশব বাবুকে। |

**Ans : A.**

8. **'সূর্য-দীঘল বাড়ি'- এর প্রধান বিষয় কী?**
A. প্রেম B. দেশপ্রেম
C. গ্রামীণ কুসংস্কার D. বিশ্বযুদ্ধ

ব্যাখ্যা : 'সূর্য-দীঘল বাড়ি' উপন্যাস সম্পর্কিত কতিপয় তথ্যঃ-

| | |
|---|---|
| লেখক | আবু ইসহাক। |
| প্রথম প্রকাশ | ১৯৫৫ সালে। |
| প্রেক্ষাপট | ১৯৪৩ সালের দুর্ভিক্ষের সময় আর ১৯৪৭ সালের ভারত-পাকিস্তানের দেশভাগ এবং গ্রামীণ কুসংস্কার। |
| ধরণ | সামাজিক সমস্যামূলক উপন্যাস। |
| কয়েকটি চরিত্র | জয়গুন, শফির মা, মায়মুনা, হাসু, কাসু ইত্যাদি। |

**Ans : C.**

9. **'ঐকতান' শব্দের অর্থ-**
A. বিভিন্ন বাদ্যযন্ত্রের সমস্বর বাদ্য B. সমবেত সংগীতের সুর
C. উচ্চাঙ্গ সংগীতের সুর D. তানপুরার সুর

ব্যাখ্যা : 'ঐকতান' কবিতার কতিপয় শব্দার্থঃ-

| শব্দ | অর্থ |
|---|---|
| ঐকতান | বিভিন্ন বাদ্যযন্ত্রের সমন্বয়ে সৃষ্ট সুর, সমস্বর। |
| বিপুলা | বিশাল প্রশস্ত। |
| উদ্‌বারি | ওপরে বা উর্ধ্বে প্রকাশ করে দাও। |
| স্বরসাধনা | এখানে সুর বা সংগীত সাধনা বোঝানো হয়েছে। |
| ব্রাত্য | পতিত, ব্রতভ্রষ্ট, সংস্কারহীন। |
| বাতায়ন | জানালা। |

**Ans : A.**

10. **'অর্বাচীন' এর বিপরীত শব্দ-**
A. অচেনা B. নবীন C. প্রাচীন D. তরুণ

ব্যাখ্যা : কতিপয় বিপরীতার্থক শব্দঃ-

| প্রদত্ত শব্দ | বিপরীতার্থক শব্দ | প্রদত্ত শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|---|---|
| অর্বাচীন | প্রাচীন | তরুণ | বৃদ্ধ |
| নবীন | প্রবীণ | জ্ঞানী | মূর্খ |
| অচেনা | চেনা | রাগ | বিরাগ |

**Ans : C.**

11. **সাধিত শব্দ কতভাগে ভাগ করা যায়?**
A. তিন B. দুই
C. পাঁচ D. চার

ব্যাখ্যা : যে শব্দকে ভাঙা বা বিশ্লেষণ করা যায়, তাকে সাধিত শব্দ বলে।
যথা: দিক্ + অন্ত = দিগন্ত
কর্ + আ = করা।
● সাধিত শব্দ ২ প্রকার- যথা: ১. নাম শব্দ ও ২. ক্রিয়া শব্দ।

**Ans : B.**

•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

12. 'আহ্লাদ' শব্দের প্রমিত উচ্চারণ-
A. আল্লাদ B. আলহাদ C. আহ্লাদ D. আল্‌লাহদ

ব্যাখ্যা : 'হ' এবং 'ল'-এর যুক্তরূপ 'হ্ল' চিহ্নটিকে 'ল' এর মহাপ্রাণ রূপ বলা যায়। এখানেও 'ল'-এর দ্বিত্ব উচ্চারণ হয়ে থাকে। প্রথম 'ল' টি অল্পপ্রাণ, দ্বিতীয় 'ল' টি মহাপ্রাণ (শেষ 'ল'-এর সাথে অর্ধ-হ যুক্ত হয়)।
যথা: আহ্লাদ (আল্‌লাহ্‌দ্)
প্রহ্লাদ (প্রোল্‌লাহ্‌দ্)
Ans : D.

13. কবি আল মাহমুদের জন্মস্থান কোথায়?
A. জয়পুরহাট জেলার জামালগঞ্জ B. খুলনা জেলার দৌলতপুর
C. চট্টগ্রাম জেলার বাঁশখালী D. ব্রাহ্মণবাড়িয়া জেলার মৌড়াইল

ব্যাখ্যা : 'আল মাহমুদ' সম্পর্কিত কতিপয় তথ্য:-

| | |
|---|---|
| জন্ম | ব্রাহ্মণবাড়িয়ার মোড়াইল গ্রামে। ১১ই জুলাই, ১৯৩৬। |
| মৃত্যু | ঢাকার ধানমন্ডির ইবনে সিনা হাসপাতালে। ১৫ই ফেব্রুয়ারি, ২০১৯ (৮২ বছর বয়সে)। |
| প্রকৃত নাম | মির আবদুস শুকুর আল মাহমুদ। |
| পেশা | সাংবাদিকতা ও চাকরি। |
| সম্পাদক | দৈনিক গণকণ্ঠ, দৈনিক কর্ণফুলী। |
| কাব্যগ্রন্থ | লোক-লোকান্তর, কালের কলস, সোনালী কাবিন, বখতিয়ারের ঘোড়া, অদৃষ্টবাদীদের রান্নাবান্না, মিথ্যেবাদী রাখাল, নদীর ভিতরে নদী। |
| উপন্যাস | ডাহুকী, কবি ও কোলাহল, নিশিন্দা নারী, আগুনের মেয়ে, উপমহাদেশ, কাবিলের বোন। |

Ans : D.

14. 'পর্বতের মূষিক প্রসব' কী?
A. বিরাট সম্ভাবনা B. কল্পনার আধার C. কণ্ঠরোধ করা D. কন্যাদান

ব্যাখ্যা : 'পর্বতের মূষিক প্রসব' প্রবচনটি আলংকারিক অর্থে ব্যবহৃত হয়েছে। যার অর্থ হলো বিরাট সম্ভাবনা সত্ত্বেও অতি সামান্য ফললাভ বা বিপুল উদ্যোগে তুচ্ছ অর্জন।
Ans : A.

15. 'যেখানে আসিয়া এক হয়ে গেছে সব বাধা-ব্যবধান'-চরণটি কোন কবিতার?
A. বিদ্রোহী B. কুলিমজুর C. সাম্যবাদী D. প্রলয়-শিখা

ব্যাখ্যা : 'সাম্যবাদী' কবিতার কতিপয় গুরুত্বপূর্ণ চরণ-
- "যেখানে আসিয়া এক হয়ে গেছে সব বাধা-ব্যবধান।"
- "এই মাঠে হলো মেষের রাখাল নবিরা খোদার মিতা।"
- " মসজিদ এই, মন্দির এই, গির্জা এই হৃদয়।"
- "তোমার হৃদয় বিশ্ব-দেউল সকলের দেবতার।"
- তোমাতে রয়েছে সকল ধর্ম, সকল যুগাবতার।"
- "পেটে-পিঠে, কাঁধে-মগজে যা খুশি পুঁথি ও কেতাব বও।"

Ans : C.

16. 'শকুনি মামা' বাগধারার অর্থ-
A. নির্মম আত্মীয় B. হিংসুটে আত্মীয়
C. লোভী আত্মীয় D. কুটিল চরিত্র

ব্যাখ্যা : কতিপয় প্রয়োজনীয় বাগধারা-

| বাগধারা | অর্থ |
|---|---|
| শকুনি মামা | কুটিল চরিত্র, কুটিল ব্যক্তি |
| কংস-মামা | নির্মম আত্মীয় |
| পগার পার | পালানো |
| পালের গোদা | দলপতি |
| মণিকাঞ্চন যোগ | উপযুক্ত মিলন |
| চশমখোর | চক্ষুলজ্জাহীন |

Ans : D.

17. আলাউদ্দিন হুসেন শাহ বাংলা সাহিত্যে কী কারণে খ্যাতিমান?
A. বাংলা ভাষার স্কুল প্রতিষ্ঠার জন্য
B. অনুবাদের পৃষ্ঠপোষকতার জন্য
C. শাসনকর্তা হিসেবে
D. সালতানাৎ প্রতিষ্ঠার জন্য

ব্যাখ্যা : আলাউদ্দিন হোসেন (শাসনকাল ১৪৯৩-১৫১৯) ছিলেন মধ্যযুগে বাংলার স্বাধীন সুলতান। তিনি হোসেন শাহি রাজবংশের পত্তন করেন। তাঁর শাসনামলকে বাংলার স্বর্ণযুগ বলে অভিহিত করা হয়। হোসেন শাহের শাসনামলে বাংলা সাহিত্য বেশ সমৃদ্ধি লাভ করে। তাঁর শাসনামলে চট্টগ্রামের শাসক পরাগাল খানের পৃষ্ঠপোষকতায় কবীন্দ্র পরমেশ্বর তাঁর 'পান্ডববিজয়' রচনা করেন। এছাড়া ছুটি খানের পৃষ্ঠপোষকতায় শ্রীকর নন্দী মহাভারতের আরেকটি সংস্করণ বাংলায় রচনা করেন। 'মনসামঙ্গল' কাব্যও তাঁর সময়ে রচিত হয়। বিজয় গুপ্ত হোসেন শাহকে অর্জুনের সাথে তুলনা করেছেন।
Ans : B.

18. প্রমিত বাংলা বানান নিয়ম চালু করেন-
A. বাংলাদেশ সরকার B. এশিয়াটিক সোসাইটি
C. বাংলা একাডেমি D. শিল্পকলা একাডেমি

ব্যাখ্যা : প্রমিত শব্দের অর্থ একটি মানে উন্নীত করা হয়েছে এমন। সর্বজনগ্রাহ্য তথা মানসম্মত বাংলা বানানের রূপকেই প্রমিত বাংলা বানানের নিয়ম বলা হয়। প্রমিত বাংলা বানানের নিয়ম চালু করেন-বাংলা একাডেমি।
Ans : C.

19. বাংলা কবিতায় অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তক কে?
A. ঈশ্বর চন্দ্র গুপ্ত B. মাইকেল মধুসূদন দত্ত
C. রবীন্দ্রনাথ ঠাকুর D. কাজী নজরুল ইসলাম

ব্যাখ্যা : বাংলা সাহিত্যের কতিপয় জনক/প্রবর্তক-

| বিষয় | জনক/প্রবর্তক |
|---|---|
| অমিত্রাক্ষর ছন্দ | মাইকেল মধুসূদন দত্ত। |
| গদ্য ছন্দ | রবীন্দ্রনাথ ঠাকুর। |
| মুক্তক ছন্দ | কাজী নজরুল ইসলাম। |
| বাংলা গদ্য | ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। |
| বাংলা সনেট | মাইকেল মধুসূদন দত্ত। |
| টপ্পা গান | নিধুবাবু (রামনিধি গুপ্ত)। |

Ans : B.

20. 'ষোড়শ' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?
A. ষট + অশ B. ষট্ + দশ C. ষড় + অশ D. ষড় + দশ

ব্যাখ্যা : নিপাতনে সিদ্ধ সন্ধির কতিপয় উদাহরণ-

| | |
|---|---|
| আ + চর্য = আশ্চর্য | ষট্ + দশ = ষোড়শ |
| গো + পদ = গোষ্পদ | এক + দশ = একাদশ |
| বন + পতি = বনস্পতি | দিব্ + লোক = দ্যুলোক |
| তৎ + কর = তস্কর | পর + পর = পরস্পর |

Ans : B.

21. উচ্চারণ স্থান অনুযায়ী 'ক' কোন ধরণের বর্ণ?
A. ওষ্ঠ্যবর্ণ B. দন্ত্যবর্ণ C. তালব্যবর্ণ D. কণ্ঠবর্ণ

ব্যাখ্যা : উচ্চারণের স্থান অনুযায়ী ব্যঞ্জনবর্ণের অবস্থান-

| | অঘোষ | | ঘোষ | | |
|---|---|---|---|---|---|
| | অল্পপ্রাণ | মহাপ্রাণ | অল্পপ্রাণ | মহাপ্রাণ | নাসিক্য |
| কণ্ঠ্য | ক | খ | গ | ঘ | ঙ |
| তালব্য | চ | ছ | জ | ঝ | ঞ |
| মূর্ধা | ট | ঠ | ড | ঢ | ণ |
| দন্ত্য | ত | থ | দ | ধ | ন |
| ওষ্ঠ্য | প | ফ | ব | ভ | ম |

Ans : D.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

22. 'কপোল' শব্দের অর্থ-
A. গাল B. ললাট C. কপাল D. গলা

ব্যাখ্যা : প্রয়োজনীয় কতিপয় সমুচ্চারিত শব্দের অর্থ-

| শব্দ | অর্থ | শব্দ | অর্থ |
|---|---|---|---|
| কপোল | গাল, গণ্ড | জোড় | যুগল |
| কপাল | ললাট | জোর | বল, শক্তি, সামর্থ্য |
| শোনা | শ্রবণ | সাড়া | জবাব, প্রতিক্রিয়া |
| সোনা | স্বর্ণ | সারা | সমগ্র, শেষ |
| অনু | পশ্চাৎ | অন্য | অপর |
| অণু | ক্ষুদ্রতম অংশ | অন্ন | ভাত |

Ans : A.

23. সৈয়দ ওয়ালীউল্লাহর 'লালসালু' উপন্যাস কত সালে প্রকাশিত হয়?
A. ১৯৪৬ B. ১৯৪৮ C. ১৯৪৯ D. ১৯৪৭

ব্যাখ্যা : 'লালসালু' উপন্যাস সম্পর্কিত কতিপয় তথ্য-

| | |
|---|---|
| লেখক | সৈয়দ ওয়ালীউল্লাহ। |
| ধরণ | সামাজিক সমস্যামূলক উপন্যাস। |
| প্রথম প্রকাশ | ১৯৪৮ সালে। প্রকাশক: মুহাম্মদ আতাউল্লাহ। |
| ইংরেজি অনুবাদ | "Tree without Roots" নামে (১৯৬৭)। অনুবাদক: লেখক নিজে। |
| উর্দু অনুবাদ | "Lal Shalu" নামে (১৯৬০)। অনুবাদক: কলিমুল্লাহ। |
| ফরাসি অনুবাদ | "L, Arbre sans racines" নামে (১৯৬১)। অনুবাদক: তাঁর সহধর্মিনী অ্যান-মারি-থিবো। |

Ans : B.

24. 'নিজেদের দ্বারা অর্জিত' এক কথায় হবে-
A. স্বকীয় B. অর্জিত C. স্বোপার্জিত D. স্বর্জিত

ব্যাখ্যা : কতিপয় গুরুত্বপূর্ণ এককথায় প্রকাশ-

| | |
|---|---|
| নিজেদের দ্বারা অর্জিত | স্বোপার্জিত |
| নুপুরের ধ্বনি | নিক্বণ |
| নিজেকে পণ্ডিত মনে করে যে | পণ্ডিতম্মন্য |
| নিজেকে হত্যা করে যে | আত্মঘাতী |
| নিজেকে সামলাতে পারে না যে | অসংযমী |
| নিন্দা করার ইচ্ছা | জুগুপ্সা |
| নলের আকারে জমানো বরফ | কুলপি |
| নিবারণ করা কষ্টকর | দুর্নিবার |

Ans : C.

## English

25. Synonym of "fissure" is____
A. fishy B. assess C. split D. fixture

ব্যাখ্যা : Fissure - ফাটল / চিড়, Fishy - সন্দেহজনক।
Assess - মূল্যায়ন করা, Split - ফাটল / চিড় / টুকরা।
Fixture - ক্রীড়ানুষ্ঠান এবং অনুষ্ঠানের নির্দিষ্ট দিন।

**Fissure এর কিছু Synonym & Antonym:**
**Synonyms:** Split, Hole, Crack, Cleft, Rift.
**Antonyms:** Closure, Block, Seal.
**Ans : C.**

26. If I had known you were coming____
A. I would go to the station.
B. I would have gone to the station.
C. I had gone to the station.
D. I would be going to the station.

ব্যাখ্যা : **(i) Zero Conditional:**
**Str:** If + Present Indefinite + Present Indefinite
**Ex:** If you heat ice, it melts.
Present Ind. Present Ind.
**(ii) First Conditional:**
**Str:** If + Present Indefinite + Future Indefinite
**Ex:** If you invite me, I will go.
P.I F.I
**(iii) Second Conditional:**
(a) If + Past Indefinite + sub + could / would / might + verb এর base form.
**Ex:** If you called me, I would go.
P.I sub + would + base form
(b) If + sub + were + ..... + sub + could / would / might + verb এর base form.
**Ex:** If I were a king, I would help the poor.
sub+were sub+would+base form
**(iv) Third Conditional:**
(a) If + Past Perfect + sub + could have/would have / might have + $V_3$....
**Ex:** If you had invited me, I would have gone.
past perfect
(b) Had + sub + $V_3$ + ........ + sub + could have/would have/might have + $V_3$
**Ex:** Had I been in your situation, I would have accepted the offer.
had + sub + $V_3$
প্রশ্নে If এর পরের অংশ Past Perfect দেওয়া আছে, তাই Third Conditional হবে।
**Ans : B.**

27. **She exclaimed with joy that the bird was very lovely. Make it direct.**
A. She said, "The bird is very lovely".
B. She said, "It is a lovely bird".
C. She said, "How lovely the bird is!"
D. She said, "How lovely is the bird!"

ব্যাখ্যা : Exclamatory Sentence কে Direct থেকে Indirect করার সময় Said এর পরিবর্তে Exclaimed with joy,
আনন্দ / সুখ
exclaimed with sorrow, exclaimed with grief,
দুঃখ দুঃখ
exclaimed with surprise বসে। তারপর 'that' বসে linker।
বিস্ময়
Reported speech টি Assertive form এ হবে। How / What উঠে যাবে এবং Noun এর আগে great এবং Adjective এর আগে very বসবে।
**Direct :** He said, "How beautiful the flowers are!"
**Indirect :** He exclaimed with joy that the flowers were very beautiful.
Adv. Adj.
Indirect থেকে Direct speech সম্পূর্ণ বিপরীত করে দিলে হবে।
**Ans : C.**

28. "Carry on" means____
A. prevent B. send C. continue D. amend

ব্যাখ্যা : Carry on - চালিয়ে যাওয়া। Prevent - প্রতিরোধ করা।
Send - পাঠানো। Continue - চালিয়ে যাওয়া।
Amend - সংশোধন করা।

কিছু গুরুত্বপূর্ণ **Group verbs :**

| Carry | Come |
|---|---|
| Carry on - চালিয়ে যাওয়া<br>Carry out - পালন করা<br>Carry through - সাফল্য আনা<br>Carry off - জিতা | Come about - ঘটা<br>Come across- হঠাৎ সাক্ষাৎ হওয়া<br>Come by - পাওয়া<br>Come down - কমে যাওয়া<br>Come after - অনুসরণ করা |
| **Call** | **Cut** |
| Call at - কোনো জায়গায় গিয়ে দেখা করা<br>Call off - প্রত্যাহার করা / বাতিল করা<br>Call for - চাওয়া<br>Call in - ডেকে পাঠানো<br>Call over - নাম / রোল ডাকা | Cut down - গাছ কাটা / কমানো<br>Cut off - মারা যাওয়া / বিচ্ছিন্ন<br>Cut up - মর্মাহত হওয়া |

**Ans : C.**

**29. He finds it hard to____ with other students in the class as they are much older than him. Choose the appropriate option to complete the sentence.**

A. fall through B. call in
C. catch up D. come up

ব্যাখ্যা : Fall through - ব্যর্থ হওয়া।
Call in - ডেকে পাঠানো।
Catch up (with) - নাগাল ধরা / নাগাল পাওয়া।
Come up - কারও কাছে অগ্রসর হাওয়া / শ্রীঘ্রই ঘটবে এমন।

কিছু গুরুত্বপূর্ণ **Group verbs :**

| Fall | Call |
|---|---|
| Fall in with - একমত হওয়া<br>Fall on - আক্রমণ করা<br>Fall out - ঝগড়া করা<br>Fall off -হ্রাস পাওয়া | Call up - স্মরণ করা<br>Call out - চিৎকার করা<br>Call on - কারও সাথে সাক্ষাৎ করা |
| **Catch** | **Come** |
| Catch up (with) - নাগাল ধরা<br>Catch at - সুযোগ গ্রহণ করা | Come off - অনুষ্ঠিত হওয়া<br>Come round- আরোগ্যলাভ<br>Come of- জন্মগ্রহণ করা |

Sentence টির অর্থ হচ্ছে- 'তার ক্লাসের অন্যান্য ছাত্রদের সাথে নাগাল পেতে কষ্ট হচ্ছে যেহেতু তারা তার থেকে বেশি বয়স্ক'।

**Ans : C.**

**30. Which of the following is an incorrect sentence?**

A. She has born two children.
B. She has borne two children.
C. Two children were born to them.
D. He has begotten two children.

ব্যাখ্যা :

| Present | Past | Past Participle |
|---|---|---|
| Bear - (জন্ম দেওয়া) | bore | born (শুধু passive এ ব্যবহৃত হয়) |
| Bear - (সহ্য করা / বহন করা) | bore | borne (জন্ম দেওয়া অর্থে শুধু formal English এ ব্যবহৃত হয়) |
| Beget - (জন্ম দেওয়া / বাবা হওয়া) | begot | begot/begotten |

Option 'A' ভুল কারণ born এখানে Active এ ব্যবহার করা হয়েছে। Born শুধু passive এ ব্যবহৃত হয়। (Oxford Dictionary)

**Ans : A.**

**31. Which one is the correct spelling?**

A. Holocaust B. Holocaust
C. Holocaust D. Halocast

ব্যাখ্যা : Holocaust-(N) ব্যাপক হত্যাকাণ্ড / ধ্বংস

কিছু গুরুত্বপূর্ণ **Spelling :**

| | |
|---|---|
| Awkward | Career |
| Aquarium | Concession |
| Assurance | Committee |
| Malevolent | Misspell |
| Occasion | Perseverance |
| Phoenix | Suggestion |
| Shield | Surrender |
| Vacillate | Voluntary |
| Volunteer | Tsunami |
| Tuition | Tobacco |

**Ans : A, B & C.**

**32. Antonym of "reduce" is____**

A. moderate B. lessen C. deduce D. increase

ব্যাখ্যা : Reduce - কমানো, Moderate - মাঝারি / শক্তি কমে যাওয়া।
Lessen - কমানো, Deduce - কমানো /হ্রাস করা।
Increase - বৃদ্ধি করা।

**Reduce এর কিছু Synonym & Antonym:**

**Synonyms:** Lessen, Deduce, Decrease, Dwindle, Abate, Diminish, Lower.

**Antonyms:** Strengthen, Increase, Raise, Expand, Extend, Lengthen, Amplify, Enlarge.

**Ans : D.**

**33. What kind of man is quite the opposite type of "affable"?**

A. ill-mannered B. amiable C. polite D. cordial

ব্যাখ্যা : Affable - ভদ্র / অমায়িক, Ill-mannered - অভদ্র।
Amiable - অমায়িক, Polite - ভদ্র।
Cordial - আন্তরিক।

**Affable এর কিছু Synonym & Antonym:**

**Synonyms:** Cordial, Genial, Amiable, Polite, Courteous, Amicable, Civil, Sociable.

**Antonyms:** Ill-mannered, Discourteous, Impolite, Uncivil, Unsociable, Unmannerly.

**Ans : A.**

**34. They were discussing____ the drainage problem in the area.**
**Choose the appropriate preposition.**

A. for B. with C. against D. no preposition

ব্যাখ্যা : Discuss, Answer, Approach, Paint, Reach, Resemble, Emphasize } Transitive verb। এগুলোর পর Preposition বসে না। কিন্তু এগুলোর Noun form এর সাথে Preposition বসতে পারে।

Ex. : I will discuss the matter.
T.V

I have a discussion about the matter.
N

**Ans : D.**

শিক্ষার সববিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**35. He was poor but generous. Make it simple.**
A. Despite poor, he was generous.
B. Despite his poverty, he was generous.
C. Despite of his poverty, he was generous.
D. Though poor, he was generous.

ব্যাখ্যা : **Rule :** But যুক্ত Compound Sentence কে Simple করতে হলে In spite of / Despite + Sub এর possessive + (v + ing) + বাকী অংশ।
Or
In spite of / Despite + Sub এর possessive + verb এর পরের Word এর Noun + বাকী অংশ।
**Simple :**
(i) In spite of / Despite his being poor, he is generous.
Or
(ii) In spite of / Despite his poverty, he is generous.
**Compound :** He is poor but generous.
**Complex :** Though he was poor, he was generous.
**Ans : B.**

**36. I cannot part ____ my books. Choose the appropriate preposition.**
A. with B. between
C. by D. for

ব্যাখ্যা : Part from - ব্যক্তি থেকে বিচ্ছিন্ন হওয়া।
Part with - কোন জিনিস থেকে বিচ্ছন্ন হওয়া।
কিছু গুরুত্বপূর্ণ **Appropriate preposition :**

| | |
|---|---|
| Acquit of | Absolve from |
| Accomplished in | Derive from |
| Satisfied with | Relevant to |
| Fantasize about | Divert from |
| Good at | Interested in |
| Fond of | Cling to |

**Ans : A.**

**37. He objected____ my smoking inside the bus. The appropriate preposition is :**
A. at B. to C. from D. of

ব্যাখ্যা : Object to - আপত্তি করা।
কিছু গুরুত্বপূর্ণ **Appropriate preposition:**

| | |
|---|---|
| Contribute to | Capable of |
| Determined on | Insist on |
| Think of | Protect from |
| Stick to | Mourn for |
| Prohibit from | Hanker after |
| Addicted to | Dedicate to |

**Ans : B.**

**38. Being prodigal means-**
A. Being wasteful B. Being intelligent
C. Being poor D. Being careful

ব্যাখ্যা : Prodigal - অমিতব্যয়ী / অপব্যয়ী, Wasteful - অপব্যয়ী।
Intelligent - বুদ্ধিমান, Poor - গরীব।
Careful - সতর্ক।
**Prodigal** এর কিছু **Synonym & Antonym:**
**Synonyms:** Wasteful, Extravagant, Spendthrift, Lavish.
**Antonyms:** Frugal, Economical, Miserly, Thrifty, Parsimonious.
**Ans : A.**

**39. What is the adjective form of "star"?**
A. Stary B. Starry
C. Asterisk D. Starful

ব্যাখ্যা : Star-(N.) তারকা /তারা, Starry-(Adj.) তারকাময়
Starful-(Adj.) তারকা দ্বারা পূর্ণ (অপ্রচলিত)
(Merriam-Webster Dictionary)
**Ans : B.**

**40. The accident___ last night. Choose the one that appropriately completes the sentence.**
A. was occurred B. is occurred
C. occurred D. has occurred

ব্যাখ্যা : Last night, Last day, Previous day, Previous night, Yesterday, Ago, Last year, Last month, অতীতের সাল উল্লেখ থাকলে Past Indefinite হয়। Occur হচ্ছে Intransitive verb তাই passive হয় না।
**Ans : C.**

**41. She prefers stories____ poems. Choose the appropriate preposition.**
A. to B. from C. with D. at

ব্যাখ্যা : Prefer এর সাথে Preposition 'to' বসে।
**Ex. :** She prefers tea to coffee.
কিছু গুরুত্বপূর্ণ **Appropriate Preposition:**

| | |
|---|---|
| Emphasis on | Succeed in |
| Sure of | Refrain from |
| Ponder over | Devoid of |
| Deviate from | True to |
| Inclined to | Introduce to |
| Key to | Different from |
| Aware of | Conscious of |

**Ans : A.**

**42. Choose the correct sentence :**
A. Participation in the seminars are entirely voluntary.
B. Participations in the seminars is entire voluntary.
C. Participations in the seminars is entirely volunteer.
D. Participation in the seminars is entirely voluntary.

ব্যাখ্যা : Participation-(N.) অংশগ্রহণ। এটি একটি Uncountable noun যার plural হবে না। প্রদত্ত প্রশ্নের বাক্যের Sub এর headword হচ্ছে Participation যা Singular। তাই verb ও হবে Singular। সুতরাং Option 'A' না হয়ে Option 'D' হবে।
**Ans : D.**

**43. The synonym for "efface" is___**
A. improve B. wipe out C. facial D. exhaust

ব্যাখ্যা : Efface - মুছে ফেলা / ধ্বংস করা, Improve - উন্নতি করা।
Wipe - মুছে ফেলা, Facial - মুখ সম্বন্ধীয়।
Exhaust - নিঃশেষ করা / ক্লান্ত হওয়া।
**Efface** এর কিছু **Synonym & Antonym:**
**Synonyms:** Wipe, Destroy, Wipe out, Rub out, Delete.
**Antonyms:** Create, Construct, Build, Make, Restore.
**Ans : B.**

**44. The costume <u>beggars description</u>. The underlined expression means____**
A. miserable life B. indescribable
C. the life of a beggar D. unimportant

ব্যাখ্যা : Beggars description - বর্ণনাতীত হওয়া।
Miserable - শোচনীয়।
Indescribable - বর্ণনাতীত।
Unimportant - গুরুত্বহীন।
**Note:** Beggar এখানে verb হিসেবে ব্যবহৃত হয়।
**Ans : B.**

শিক্ষার সর্বাধিক পাঠশালা
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

45. "Hard and fast" means-
A. elastic B. fixed
C. tough D. strong and speedy

ব্যাখ্যা : Hard and fast - বাঁধাধরা / নির্দিষ্ট, Elastic - স্থিতিস্থাপক।
Fixed - নির্দিষ্ট, Tough - কঠিন।
Strong - শক্তিশালী, Speedy - দ্রুত।
Ans : B.

46. Which one is the correct sentence?
A. He is a heir of this property.
B. He is a one eyed man.
C. Her sister is a M.B.B.S doctor.
D. None of the above

ব্যাখ্যা : Option 'B' সঠিক। Option 'A' এবং 'C' এর সঠিক হচ্ছে-
He is an heir to this property.
এয়ার
Her sister is an M.B.B.S.
Note: (i) কোন vowel এর উচ্চারণ 'ইউ' বা 'ওয়া' এর মত উচ্চারণ হলে an না হয়ে a বসে।
a ewe (ইউ)
a european (ইউরোপীয়ান)
a Union (ইউনিয়ন)
(ii) Consonant হলেও যদি উচ্চারণ শুরু হয় vowel এর মত, তাহলে a না হয়ে an হয়।
an hour (আওয়ার)
an heir (এয়ার)
an honest (অনেস্ট)
an M.B.B.S. (এম. বি. বি. এস.)
Ans : B.

47. Which of the following is a plural form?
A. datum B. phenomena
C. medium D. criterion

ব্যাখ্যা : কিছু গুরুত্বপূর্ণ Singular ও Plural:

| Singular | Plural | Singular | Plural |
|---|---|---|---|
| Data | Datum | Stratum | Strata |
| Phenomenon | Phenomena | Ovum | Ova |
| Medium | Media | Dictum | Dicta |
| Criterion | Criteria | Spectrum | Spectra |
| Agendum | Agenda | Memorandum | Memoranda |
| Erratum | Errata | Corrigendum | Corrigenda |

Ans : B.

48. He is occupied ____ his studies. Choose the appropriate preposition.
A. in B. with
C. on D. of

ব্যাখ্যা : Occupied with - কোন কাজে নিয়োজিত।
Occupied in + (v + ing) - নিয়োজিত
Ex. : He is occupied with his studies.
He is occupied in writing.
(v + ing)
কিছু গুরুত্বপূর্ণ Appropriate preposition:

| | | | |
|---|---|---|---|
| Prefer to | Partial to | Prior to | Open to |
| Rid of | Prone to | Sanguine of | Search for |
| Tolerant of | Rob of | Vary from | Taste for |
| Zest for | | | |

Ans : B.

## সাধারণ জ্ঞান

49. 'বিষের বাঁশী' কার রচনা?
A. সৈয়দ শামসুল হক B. কাজী নজরুল ইসলাম
C. হুমায়ূন আহমেদ D. জসীমউদ্দীন

ব্যাখ্যা : কাজী নজরুল ইসলামের গুরুত্বপূর্ণ কিছু রচনা-
- কাব্য : অগ্নিবীণা, সাম্যবাদী, ঝিঙেফুল, সিন্ধু হিন্দোল, চক্রবাক, নতুন চাঁদ, মরুভাস্কর, বিষের বাঁশী।
- গান : বুলবুল, সন্ধ্যা, চোখের চাতক, চন্দ্রবিন্দু, সুরসাকী, সুরমুকুর।
- উপন্যাস : বাঁধনহারা, মৃত্যুক্ষুধা, কুহেলিকা।

Ans : B.

50. বঙ্গভঙ্গ রদ হয় কোন্ সালে?
A. ১৯০৫ B. ১৯১৬
C. ১৯২৩ D. ১৯১১

ব্যাখ্যা : ইতিহাসের গুরুত্বপূর্ণ কিছু সাল ও ঘটনা-
- ১২০৪ - বখতিয়ার খিলজির বাংলা বিজয়।
- ১৫২৬ - পানিপথের প্রথম যুদ্ধ।
- ১৬১০ - ঢাকা বাংলাদেশের রাজধানী হয় (প্রথমবার)।
- ১৭৫৭ - পলাশীর যুদ্ধ।
- ১৭৬৪ - বক্সারের যুদ্ধ।
- ১৯০৫ - বঙ্গভঙ্গ।
- ১৯১১ - বঙ্গভঙ্গ রদ।
- বঙ্গভঙ্গ করেন ইংরেজ শাসক - লর্ড কার্জন।
- বঙ্গভঙ্গ রদ করেন ইংরেজ শাসক - লর্ড হার্ডিঞ্জ।

Ans : D.

51. 'সার্বজনীন মানবাধিকার ঘোষণা' (UDHR) কোন্ সালে জাতিসংঘের সাধারণ পরিষদে গৃহীত হয়?
A. ১৯৪৬ B. ১৯৪৮
C. ১৯৫২ D. ১৯৭৬

ব্যাখ্যা : নিচে গুরুত্বপূর্ণ কিছু সংস্থার প্রতিষ্ঠাকাল-
- জাতিসংঘ – ১৯৪৫।
- জাতিসংঘ উন্নয়ন কর্মসূচী - ১৯৬৫।
- জাতিসংঘ জনসংখ্যা তহবিল - ১৯৬৯।
- জাতিসংঘ নারী উন্নয়ন তহবিল - ১৯৭৫।
- জাতিসংঘ শিল্পোন্নয়ন সংস্থা - ১৯৬৬।
- জাতিসংঘ শরণার্থী বিষয়ক হাইকমিশন - ১৯৫০।
- জাতিসংঘ মানবাধিকার কাউন্সিল - ২০০৬।
- সার্বজনীন মানবাধিকার ঘোষণা - ১৯৪৮।

Ans : B.

52. কোনটি আটলান্টিক ও প্রশান্ত মহাসাগরকে যুক্ত করেছে?
A. পানামা খাল B. পক প্রণালী
C. সুয়েজ খাল D. জিব্রাল্টার প্রণালী

ব্যাখ্যা : বিভিন্ন প্রণালী ও তাদের দ্বারা সংযুক্ত অঞ্চল:-
- পক প্রণালী - মান্নার উপসাগর + পক উপসাগর।
- জিব্রাল্টার প্রণালী - ভূমধ্যসাগর + আটলান্টিক মহাসাগর।
- বেরিং প্রণালী - আর্টিক মহাসাগর + বেরিং সাগর।
- পানামা খাল - আটলান্টিক মহাসাগর + প্রশান্ত মহাসাগর।
- সুয়েজ খাল - ভূমধ্যসাগর + লোহিত সাগর।

Ans : A.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

53. ল্যুভর মিউজিয়াম কোথায় অবস্থিত?
A. প্যারিস B. টোকিও C. সিংগাপুর D. ইতালি

ব্যাখ্যা : বিশ্বের বিখ্যাত কিছু মিউজিয়াম ও তাদের অবস্থান:

| মিউজিয়াম | অবস্থান | মিউজিয়াম | অবস্থান |
|---|---|---|---|
| দ্য লুভর | প্যারিস | মেট্রোপলিটন মিউজিয়াম | নিউইয়র্ক |
| ন্যাশনাল মিউজিয়াম অব চায়না | বেইজিং | মাদামতুসো মিউজিয়াম | লন্ডন |
| ব্রিটিশ মিউজিয়াম | লন্ডন | ভ্যাটিকান মিউজিয়াম | ভ্যাটিকান সিটি |
| টেট মডার্ন | লন্ডন | প্রাদো | মাদ্রিদ (স্পেন) |
| গিমে মিউজিয়াম | প্যারিস | হার্মিটেজ | সেন্ট পিটার্সবার্গ |

Ans : A.

54. স্টিফেন হকিন্স একজন-
A. দার্শনিক B. পদার্থবিদ C. রসায়নবিদ D. কবি

ব্যাখ্যা : স্টিফেন হকিন্স সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- জন্মসাল-মৃত্যুসাল - ১৯৪২-২০১৮ (৭৬ বছর)।
- তিনি একাধারে একজন - পদার্থবিজ্ঞানী, গণিতবিদ ও লেখক।
- অধ্যাপনা করেন - ক্যামব্রিজ বিশ্ববিদ্যালয়ে।
- তার রোগের নাম - লু গেরিগের।
- তাঁর রচিত গ্রন্থ - A brief history of Time.
- সেরা ১০০ যুক্তরাজ্যবাসীর মধ্যে তিনি - ২৫ তম।
- আমেরিকা থেকে প্রাপ্ত পদক - রাষ্ট্রপতির মুক্তি পদক।

Ans : B.

55. 'গার্ডিয়ান' কোন্ দেশের সংবাদপত্র?
A. যুক্তরাজ্য B. যুক্তরাষ্ট্র C. ভারত D. ফ্রান্স

ব্যাখ্যা : বিশ্বের বিখ্যাত কিছু সংবাদ সংস্থার নাম:

| সংবাদ সংস্থা | দেশ | সংবাদ সংস্থা | দেশ |
|---|---|---|---|
| এপি | যুক্তরাষ্ট্র | পিটিআই | ভারত |
| এএফপি | ফ্রান্স | এএপি | অস্ট্রেলিয়া |
| রয়টার্স | যুক্তরাজ্য | পিপিআই | পাকিস্তান |
| সিপি | কানাডা | কিয়োজে নিউজ | জাপান |
| সিনহুয়া | চীন | গার্ডিয়ান (পত্রিকা) | যুক্তরাজ্য |

Ans : A.

56. 'কুতুব মিনার' কোন্ দেশে অবস্থিত?
A. বাংলাদেশ B. ভারত C. পাকিস্তান D. শ্রীলংকা

ব্যাখ্যা : ভারতে অবস্থিত বিখ্যাত কিছু দর্শনীয় স্থান:
- কুতুব মিনার
- আজমের শরীফ
- তাজ মহল
- দার্জিলিং
- স্বর্ণ মন্দির
- বেনারস-লখনৌ
- অজন্তা-ইলোরা
- কেরেল
- লাল কেল্লা
- শান্তিনিকেতন

Ans : B.

57. যুক্তরাষ্ট্রকে 'স্ট্যাচু অব লিবার্টি' উপহার দেয় কোন্ দেশ?
A. জার্মানী B. ইংল্যান্ড C. ফ্রান্স D. গ্রীস

ব্যাখ্যা : 'স্ট্যাচু অব লিবার্টি' সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
- স্ট্যাচু অব লিবার্টি অবস্থিত - নিউইয়র্কে।
- স্ট্যাচু অব লিবার্টি যুক্তরাষ্ট্রকে উপহার দেয় - ফ্রান্স।
- ফ্রান্স যুক্তরাষ্ট্রকে এটি উপহার দেয় - ১৮৮৬ সালে।
- এটি আসলে রোমান স্বাধীনতার দেবী - লিবার্টাসের মূর্তি।
- মূর্তিটির ডান হাতে আছে মশাল আর বাম হাতে - টাবুলা আনসাটা যেটাতে যুক্তরাষ্ট্রের স্বাধীনতা ঘোষণার তারিখ লেখা।

Ans : C.

58. নিচের কোন্ যন্ত্রটি বৃষ্টিপাত পরিমাপের জন্য ব্যবহৃত হয়?
A. হাইড্রোমিটার B. ডোমিটার C. রেডিওমিটার D. হাইগ্রোমিটার

ব্যাখ্যা : কিছু গুরুত্বপূর্ণ যন্ত্রপাতি ও তাদের ব্যবহার দেওয়া হল-
- হাইড্রোমিটার - তরলের আপেক্ষিক ঘনত্ব পরিমাপক যন্ত্র।
- হাইগ্রোমিটার - আদ্রতামাপক যন্ত্র।
- রেইন গেজ - বৃষ্টিপাত পরিমাপের যন্ত্র।
- ব্যারোমিটার - বায়ুর চাপ মাপার যন্ত্র।
- ম্যানোমিটার - গ্যাসের চাপ মাপক যন্ত্র।
- অ্যামমিটার - তড়িৎ প্রবাহ পরিমাপের যন্ত্র।

Ans : নাই.

59. অর্থনীতিতে উৎপাদন বলতে কি বুঝায়?
A. কোনো দ্রব্য আবিষ্কার B. উপযোগ সৃষ্টি
C. কোনো দ্রব্য সৃষ্টি D. চাহিদা সৃষ্টি

ব্যাখ্যা : উৎপাদন সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- অর্থনীতিতে উৎপাদন বলতে বোঝায় - উপযোগ সৃষ্টি।
- উৎপাদনশীলতা হলো, উৎপাদনের মাধ্যমে কতটুকু উপযোগ সৃষ্টি হলো তার - আনুপাতিক পরিমাণ।
- শিল্পজাত পণ্যের উৎপাদন করা হয় - মুনাফা লাভের আশায়।
- যে উৎপাদনে কাজ অর্ধ সমাপ্ত করা হয় ২য় যন্ত্রকক্ষে প্রেরণের উদ্দেশ্যে তাকে বলে - টল (toll) উৎপাদন।
- শিল্প বিপ্লবের আগে বেশিরভাগ উৎপাদন হত - গ্রামীণ এলাকায়।

Ans : B.

60. তাম্রলিপি কী?
A. প্রাচীন গ্রন্থ B. প্রাচীন ভাষা
C. তামারপাত্রে শাসনাদেশ D. প্রাচীন জনগণ

ব্যাখ্যা : তাম্রলিপি সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- তাম্রলিপি হলো - তামার পাত্রে লেখা শাসনাদেশ।
- তাম্রলিপির প্রচলন ছিলো - প্রাচীনকালে।
- প্রথম তাম্রলিপি আবিস্কৃত হয় - ১৯৩১ সালে ওড়িশার বালাশোর জেলায়।
- প্রথম প্রাপ্ত তাম্রলিপির নাম - কলন্দ তাম্রলিপি।
- তৃতীয় গুরুত্বপূর্ণ তাম্রপত্র হিসেবে চিহ্নিত - ভাতুরিয়া তাম্রলিপি।

Ans : C.

61. বিশ্বের সবচেয়ে প্রাচীন সভ্যতা কোথায় গড়ে উঠেছিল?
A. গ্রিসে B. রোমে C. মেসোপটেমিয়ায় D. ভারতে

ব্যাখ্যা : 'মেসোপটেমিয়া' সভ্যতা সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- মেসোপটেমিয়া সভ্যতা গড়ে উঠেছিলো - দজলা ও ফোরাত নদীর মধ্যবর্তী এলাকায়।
- মেসোপটেমিয়া সভ্যতার সময়কাল - খ্রিস্টপূর্ব ৩৫০০ - ৩০০০।
- মেসোপটেমিয়ানদের বিশ্বাস স্বর্গ আকাশে আর নরক - মাটির নিচে।
- প্রাচীন মেসোপটেমিয়ানদের বিশ্বাস ছিলো - বহু ঈশ্বরে।
- গণিত শাস্ত্রের উদ্ভাবন করে - মেসোপটেমিয়ানরা।

Ans : C.

62. কবি রবীন্দ্রনাথ ঠাকুর সাহিত্যে নোবেল পুরস্কার পান কত সালে?
A. ১৯০৩ সালে B. ১৯১৩ সালে
C. ১৯২৩ সালে D. ১৯৩১ সালে

ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুর সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- বাংলাভাষী প্রথম নোবেলজয়ী - রবীন্দ্রনাথ ঠাকুর।
- রবীন্দ্রনাথ নোবেল পুরস্কার পায় - ১৯১৩ সালে।
- রবীন্দ্রনাথ নোবেল পুরস্কার পায় - গীতাঞ্জলির জন্য।
- রবীন্দ্রনাথ গীতাঞ্জলি প্রকাশ করেন - ১৯১০ সালে।
- গীতাঞ্জলির ইংরেজি অনুবাদ - The Song Offerings.

Ans : B.

শিক্ষায় সর্বাধিক পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

63. 'মেঘদূত কাব্য' কার লেখা-
A. পল্লীকবি জসীমউদ্দীন
B. বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর
C. মহাকবি কালিদাস
D. ছন্দের কবি সত্যেন্দ্রনাথ দত্ত

ব্যাখ্যা : 'মহাকবি কালিদাস' সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- কালিদাস ছিলেন একজন - ধ্রুপদি সংস্কৃত ভাষার কবি ও নাট্যকার।
- কালিদাস প্রাচীন যুগের - ভারতীয় কবি।
- কালিদাসের কাব্য - মেঘদূত, কুমারসম্ভব, রঘুবংশ, ঋতুসংহার, শৃঙ্গাররসাষ্টক, শৃঙ্গারতিলক, পুষ্পবাণবিলাস।
- কালিদাসের আখ্যানকাব্য - নলোদয়, দ্বাদশ-পুত্তলিকা।
- কালিদাসের নাটক - অভিজ্ঞানশকুন্তল, বিক্রমোবর্শীয়, মালবিকাগ্নিমিত্র।

Ans : C.

64. বিশ্বস্বাস্থ্য সংস্থা নির্ধারিত আর্সেনিকের নিরাপদ মাত্রা হচ্ছে প্রতি লিটার পানিতে-
A. ০.১০ মিলিগ্রাম
B. ০.০০১ মিলিগ্রাম
C. ০.০১ মিলিগ্রাম
D. ১.০১ মিলিগ্রাম

ব্যাখ্যা : আর্সেনিক সম্পর্কিত গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- আর্সেনিক একটি মৌল পদার্থ যার পারমাণবিক সংখ্যা - ৩৩।
- আর্সেনিকের পারমাণবিক ভর - ৭৪.৯২১৬০ (প্রায় ৭৫)।
- এটি একটি অর্ধধাতু বা - উপধাতু।
- আর্সেনিকে বহুরূপ থাকলেও ধাতব ধর্ম আছে শুধুমাত্র - ধূসর রঙের আর্সেনিকের।
- WHO এর মতে আর্সেনিকের নিরাপদ মাত্রা - ০.০০১ মিলিগ্রাম পার লিটার।

Ans : B.

65. মদীনার পূর্ব নাম কী?
A. আবিসিনিয়া
B. হেজাজ
C. ইয়েমেন
D. ইয়াসরিব

ব্যাখ্যা : 'মদিনা শহর' সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
- মদিনা শহরকে বলা হয় - নবীর শহর।
- মুহাম্মদ (স.) এর রওযা (কবর) অবস্থিত - মদিনা শহরে।
- ইসলামের পবিত্র দুই শহর - মক্কা ও মদিনা।
- মদিনা শহরের পূর্বনাম - ইয়াসরিব।
- ইয়াসরিব শব্দটির উল্লেখ আছে আল কুরআনের - আহযাব সূরায়।

Ans : D.

66. 'Six Machine' কোন্ ক্রিকেটারের আত্মজীবনী?
A. শহীদ আফ্রিদি
B. সাকিব আল হাসান
C. শচীন টেন্ডুলকার
D. ক্রিস গেইল

ব্যাখ্যা : সিক্স মেশিন ক্রিস গেইলের আত্মজীবনীমূলক বই।

Ans : D.

67. বাংলাদেশ ক্রিকেট ওয়ানডে স্ট্যাটাস লাভ করে-
A. ২০০১ সালে
B. ১৯৯৯ সালে
C. ১৯৯৭ সালে
D. ১৯৯৮ সালে

ব্যাখ্যা : ওয়ানডে ক্রিকেটে বাংলাদেশ:
- বাংলাদেশ ওয়ানডে ক্রিকেট খেলার স্ট্যাটাস পায় - ১৯৯৭ সালে।
- বাংলাদেশ প্রথম বিশ্বকাপ খেলে - ১৯৯৯ সালে।
- বাংলাদেশ আইসিসির সহযোগী সদস্য হয় - ১৯৭৭ সালে।
- বাংলাদেশ সর্বপ্রথম বিশ্ব ক্রিকেটে আত্মপ্রকাশ করে - ১৯৭৯ সালে।
- বাংলাদেশ প্রথম আন্তর্জাতিক ওয়ানডে ম্যাচ খেলে - ১৯৮৬ সালে।

Ans : C.

68. ৫টি লিচু যে দরে ক্রয় করা হয় ৪টি লিচু সেই দরে বিক্রয় করলে শতকরা কত লাভ বা ক্ষতি হবে?
A. ৩০% ক্ষতি
B. ১০% লাভ
C. ২৫% লাভ
D. ২০% লাভ

ব্যাখ্যা : দেওয়া আছে, ৫টি লিচুর ক্রয়মূল্য = ৪ টি লিচুর বিক্রয়মূল্য।

অর্থাৎ ৪ টাকায় ৫ টি কিনে, ৪ টি বিক্রি করলে লাভ থাকে ১টি বা $\frac{১}{৪}$ ভাগ।

∴ শতকরা লাভের হার $\frac{১ \times ১০০}{৪}\% = ২৫\%$

Ans : C.

69. বাংলাদেশের কোন্ নদী প্রাকৃতিক মৎস্য প্রজনন কেন্দ্র হিসেবে পরিচিত?
A. হালদা
B. মেঘনা
C. পদ্মা
D. যমুনা

ব্যাখ্যা : 'হালদা নদী' সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- হালদা নদীর অবস্থান — খাগড়াছড়ি-চট্টগ্রাম জেলায়।
- নদীটির দৈর্ঘ্য ও গড় প্রস্থ — ১০৬ কি.মি. ও ১৩৪ মিটার।
- হালদা নদীতে ডিম ছাড়ে — রুই, কাতলা, মৃগেল, কালিকাউস ও কার্প জাতীয় মাতৃমাছ।
- মাছের ডিম ছাড়ার সময়কে বলা হয় — তিথি।
- প্রাকৃতিক মৎস্য প্রজনন কেন্দ্র বলা হয় — হালদা নদীকে।

Ans : A.

70. বাংলাদেশের বৃহত্তম দ্বীপ কোনটি?
A. সন্দীপ
B. হাতিয়া
C. ভোলা
D. মনপুরা

ব্যাখ্যা : দ্বীপ সম্পর্কিত গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
- বাংলাদেশের বৃহত্তম দ্বীপ - ভোলা জেলা।
- ভোলা জেলার পূর্বনাম - শাহবাজপুর।
- বাংলাদেশে একমাত্র সামুদ্রিক প্রবাল দ্বীপ - সেন্ট মার্টিন।
- সেন্টমার্টিন দ্বীপের স্থানীয় নাম - নারিকেল জিঞ্জিরা।
- নোয়াখালীর হাতিয়া উপজেলায় অবস্থিত - নিঝুম দ্বীপ।
- বাংলাদেশ ও ভারতের বিরোধপূর্ণ দ্বীপ - দক্ষিণ তালপট্টি।
- বাংলাদেশের একমাত্র পাহাড়ি দ্বীপ - মহেশখালী।

Ans : C.

71. টেস্ট ক্রিকেটের ইতিহাসে সবচেয়ে বেশি সেঞ্চুরি কে করেছেন?
A. রিকি পন্টিং
B. জ্যাক ক্যালিস
C. শচীন টেন্ডুলকার
D. সৌরভ গাঙ্গুলী

ব্যাখ্যা : টেস্ট ক্রিকেট সম্পর্কিত গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- টেস্ট ক্রিকেটে প্রথম শতরান করেন - অস্ট্রেলিয়ার চার্লস ব্যানারম্যান।
- টেস্ট ক্রিকেটে একমাত্র ৪০০ রানকারী - ব্রায়ান লারা।
- টেস্ট ক্রিকেটে সবচেয়ে বেশি শতক করেন - শচীন টেন্ডুলকার।
- শচীন টেন্ডুলকার শতক করেন - ৫১ টি।
- টেস্টে প্রথম শতরানের জুটি করেন - W.G গ্রেস ও A.P লুকাস।

Ans : C.

72. বঙ্গভঙ্গের সময় ভারতের ভাইসরয় কে ছিলেন?
A. লর্ড কার্জন
B. লর্ড মাউন্টব্যাটেন
C. লর্ড বেন্টিংক
D. লর্ড ক্যানিং

ব্যাখ্যা : বিভিন্ন ভাইসরয়দের কার্যকাল-
- লর্ড ক্যানিং - ১৮৫৮ - ১৮৬২ সাল।
- লর্ড কার্জন - ১৮৯৯ - ১৯০৫ সাল।
- লর্ড মিন্টো - ১৯০৫ - ১৯১০ সাল।
- লর্ড হার্ডিঞ্জ - ১৯১০ - ১৯১৬ সাল।
- লর্ড আরউইন - ১৯২৬ - ১৯৩১ সাল।
- লর্ড লিনলিথগো - ১৯৩৬ - ১৯৪৩ সাল।
- লর্ড মাউন্টব্যাটেন - ফেব্রুয়ারি ১৯৪৭ - অগাস্ট ১৯৪৯।

Ans : A.

73. পুলিশি নির্যাতনে মারা যাওয়া জর্জ ফ্লয়েড আমেরিকার কোন্ স্টেটের অধিবাসী?
A. জর্জিয়া
B. ফ্লোরিডা
C. ইন্ডিয়ানা
D. মিনেসোটা

ব্যাখ্যা : জর্জ ফ্লয়েড সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
- জন্মসাল-মৃত্যুসাল - ১৯৭৩-২০২০।
- পরিচয় - আফ্রিকান আমেরিকান কৃষ্ণাঙ্গ।
- মৃত্যুর স্থান - মিনেসোটা শহরের মিনিয়াপোলিসে।
- মৃত্যুর কারণ - পুলিশি নির্যাতন।
- পেশা - ট্রাকচালক, নিরাপত্তাকর্মী।
- গ্রেফতারের কারণ - জাল নোটের ব্যবহার।
- তার হত্যাকারী পুলিশ - ডেরেক চাওভিন।

Ans : D.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

74. সমুদ্রের গভীরতা মাপক যন্ত্রের নাম কী?
A. ফ্যাদোমিটার
B. হাইড্রোমিটার
C. স্ফিগমোম্যানোমিটার
D. ব্যারোমিটার

ব্যাখ্যা : বিভিন্ন বৈজ্ঞানিক যন্ত্র এবং তাদের ব্যবহার-
- কলোরিমিটার - রঙের তীব্রতার পার্থক্য পরিমাপক যন্ত্র।
- ক্যালোরিমিটার - তাপ পরিমাপক যন্ত্র।
- অডিও মিটার - শব্দের তীব্রতা মাপার যন্ত্র।
- হাইড্রোমিটার - তরলের আপেক্ষিক ঘনত্ব মাপার যন্ত্র।
- ব্যারোমিটার - বায়ুচাপ মাপার যন্ত্র।
- স্ফিগমোম্যানোমিটার - রক্তচাপ মাপার যন্ত্র।
- ফ্যাদোমিটার - সমুদ্রের গভীরতা মাপার যন্ত্র।

**Ans : A.**

75. মুজিবনগর স্মৃতিসৌধের স্থপতির নাম কী?
A. তানভীর কবির
B. মাইনুল হোসেন
C. হামিদুর রহমান
D. আব্দুর রাজ্জাক

ব্যাখ্যা : বিভিন্ন ভাস্কর্য ও স্থপতির নাম-

| ভাস্কর্য | স্থপতি | ভাস্কর্য | স্থপতি |
|---|---|---|---|
| সাবাস বাংলাদেশ | নিতুন কুণ্ডু | ইকারুস | নভেরা আহমেদ |
| সার্ক ফোয়ারা | নিতুন কুণ্ডু | স্বোপার্জিত স্বাধীনতা | শামীম শিকদার |
| সংশপ্তক | হামিদুজ্জামান | স্বাধীনতা সংগ্রাম | শামীম শিকদার |
| দোয়েল চত্বর | আজিজুল জলিল পাশা | দুর্জয় | মৃণাল হক |
| চাইল্ড ফিলোসফার | নভেরা আহমেদ | মুজিবনগর স্মৃতিসৌধ | তানভীর কবির |

**Ans : A.**

76. হেমলক কী ধরণের গাছ?
A. ঝোপঝাড়
B. ঘাস
C. গুল্মজাতীয়
D. কোনোটিই নয়

ব্যাখ্যা : 'হেমলক' সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
- হেমলক গাছটি - পুরোটাই বিষাক্ত।
- হেমলক গাছটির বৈজ্ঞানিক নাম - কনিয়াম ম্যাকুলেটাম।
- হেমলক গাছে রয়েছে - কোনিইন নামক বিষ।
- হেমলক বিষ পানে মৃত্যু হয় - সক্রেটিসের।
- হেমলক গাছটি - গুল্মজাতীয়।

**Ans : C.**

77. জাতিসংঘের কততম অধিবেশনে বাংলাদেশ সদস্য পদ লাভ করে?
A. ২৫
B. ২৯
C. ৩১
D. ৩৬

ব্যাখ্যা : ● বাংলাদেশ জাতিসংঘে রাষ্ট্রদূত প্রেরণ করেন - ১৯৭১ সালের ২৬ তম অধিবেশনে।
- বাংলাদেশ জাতিসংঘের সদস্যপদ লাভ করে - ১৯৭৪ সালে।
- বাংলাদেশ জাতিসংঘের সদস্য হয় - ২৯ তম অধিবেশনে।
- জাতিসংঘে বাংলাদেশের বর্তমান স্থায়ী প্রতিনিধি - রাবাব ফাতিমা।
- বাংলাদেশ জাতিসংঘের - ১৩৬ তম সদস্য।

**Ans : B.**

78. 'তিতাস একটি নদীর নাম' চলচ্চিত্রের পরিচালক-
A. আলমগীর কবির
B. ঋত্বিক ঘটক
C. জহির রায়হান
D. সত্যজিৎ রায়

ব্যাখ্যা : বিভিন্ন সিনেমা ও পরিচালকের নাম-

| সিনেমা | পরিচালক |
|---|---|
| বেদের মেয়ে জোছনা | তোজাম্মেল হক বকুল |
| ঢাকা | মোরশেদুল ইসলাম |
| দীপু নাম্বার টু | মোরশেদুল ইসলাম |
| চিত্রা নদীর পাড়ে | তানভীর মোকাম্মেল |
| ডুব | মোস্তফা সারোয়ার ফারুকী |
| থার্ড পারসন সিনগুলার নাম্বার | মোস্তফা সারোয়ার ফারুকী |
| খেলারাম | আব্দুল জব্বার খান |
| জালালের গল্প | আবু শাহেদ ইমন |
| আয়নাবাজি | অমিতাভ রেজা |
| তিতাস একটি নদীর নাম | ঋত্বিক ঘটক |

**Ans : B.**

79. বাংলাদেশের প্রধান বিচারপতি কে নিয়োগ করেন?
A. প্রধানমন্ত্রী
B. রাষ্ট্রপতি
C. জাতীয় সংসদ
D. সুপ্রিম জুডিসিয়াল কাউন্সিল

ব্যাখ্যা : ● বাংলাদেশের রাষ্ট্রপতি হতে বয়স লাগে - ৩৫।
- প্রধান বিচারপতিকে নিয়োগ দেন - রাষ্ট্রপতি।
- প্রধানমন্ত্রীকে নিয়োগ দেন - রাষ্ট্রপতি।
- রাষ্ট্রপতির অনুপস্থিতিতে তাঁর দায়িত্ব পালন করেন - স্পীকার।
- রাষ্ট্রপতি পদে বহাল থাকেন সর্বোচ্চ - ২ বার।

**Ans : B.**

80. কোন্ আমলে প্রাচীন বাংলার গৌরব 'মসলিন কাপড়' ঢাকায় তৈরি হতো?
A. পাল আমলে
B. সেন আমলে
C. সুলতানী আমলে
D. মোগল আমলে

ব্যাখ্যা : মসলিন কাপড় সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- মসলিন কাপড়ের অপর নাম - ঢাকাই মসলিন।
- মসলিন কাপড় তৈরি হয় - ফুটি কার্পাস তুলা থেকে।
- জামদানি এক প্রকার - মসলিন কাপড়।
- বাংলায় মসলিন বয়ন বন্ধ হয় - ১৮ শতকের শেষার্ধে।
- ঢাকায় মসলিন কাপড় তৈরি হত - মোগল আমলে।

**Ans : D.**

!!! বের হয়েছে !!!
পানকৌড়ি
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়-এর শতভাগ
ব্যাখ্যা সম্বলিত একমাত্র প্রশ্নব্যাংক
◆ বিজ্ঞান - A & H Unit ◆ বিজ্ঞান - D Unit
◆ মানবিক - B, F, I Unit ◆ মানবিক - C, C1 Unit
◆ বিবিএ - E Unit ◆ আইবিএ - G Unit

!!! বের হয়েছে !!!
পানকৌড়ি
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়-এর শতভাগ
ব্যাখ্যা সম্বলিত একমাত্র প্রশ্নব্যাংক
◆ বিজ্ঞান - A-Unit ◆ মানবিক - B+D Unit
◆ ব্যবসায় - C Unit

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার